গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়




Vulnerable Women Benefit (VWB) Programme
ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রম
(সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম)

# বাস্তবায়ন নির্দেশিকা-২০২৬

# সূচি/ Table of Contents

**আলোচ্য বিষয়/ অধ্যায়সমূহ** **পৃষ্ঠা**


১. পটভূমি: ........ 2
২. কার্যক্রম পরিচিতি: ........ 3
ভিডব্লিউবি (VWB) কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য ........ 3
৩. ভিডব্লিউবি কার্যক্রম ব্যবস্থাপনা ও সমন্বয়: ........ 4
৪. কার্যক্রমের পরিধি ও উপকারভোগী নির্বাচন: ........ 5
৫. খাদ্য বিতরণ প্রক্রিয়া: ........ 11
৬. পরিবীক্ষণ ও প্রতিবেদন: ........ 17
৭. এনজিও/ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত নীতিমালা: ........ 23
৮. ব্যবস্থাপনা ও বাস্তবায়নকারী সংস্থাসমূহের দায়-দায়িত্ব ও ভূমিকা: ........ 28
৯. সঞ্চয় ব্যবস্থাপনা: ........ 33
১০. ঋণ: ........ 34
১১. প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন: ........ 34
১২. সরকারী ও বেসরকারী সংস্থার সাথে নেট্ওয়ার্কিং: ........ 36
১৩. অনিয়ম ও ত্রুটির ক্ষেত্রে গৃহীত ব্যবস্থাসমূহ: ........ 38
১৪. কার্যক্রম টেকসইকরণ: ........ 40
সংযুক্তিসমূহ: ........ 43

## ১. পটভূমি:

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল-এমডিজি) অর্জনের ক্ষেত্রে বিশ্বে বাংলাদেশের অবস্থান প্রথম সারির দিকে। দেশের নারীদের সামাজিক ও আর্থিক অবস্থার উন্নয়নের বিষয়ে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ এই অর্জনের পেছনে অন্যতম ভূমিকা পালন করেছে। পরবর্তীতে জাতিসংঘের ৭০ তম সাধারণ অধিবেশনে এর সদস্য রাষ্ট্রের জন্য টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোল-এসডিজি) নির্ধারণ করা হয় যার মূলমন্ত্র হচ্ছে "কাউকে পেছনে ফেলে রাখা যাবে না অথবা লিভিং নো ওয়ান বিহাইন্ড"। অর্থাৎ উন্নয়নের অগ্রযাত্রায় সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠির অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।

১.১ জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির (United Nations World Food Programme) সহায়তায় ১৯৭৪ সালে যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের দুর্ভিক্ষপীড়িত জনগণকে ত্রাণ সহায়তা প্রদানের জন্য যে কর্মসূচি শুরু হয়েছিলো তা সময়ের পরিক্রমায় দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে তাল মিলিয়ে বিভিন্ন বিবর্তনের মধ্য দিয়ে দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচি (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) হিসেবে আত্মপ্রকাশ করে। ভিজিডি কর্মসূচি দেশের গ্রামীণ দুঃস্থ মহিলাদের জীবনমান ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বাস্তবায়িত একটি বৃহৎ সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় অক্টোবর, ২০১০ সালে ৭,৫০,০০০ (সাত লাখ পঞ্চাশ হাজার) অসহায় ও দরিদ্র নারীদের মাসিক ৩০ কেজি করে চাল প্রদানের মাধ্যমে ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব গ্রহণ করে।

১.২ দারিদ্র্য নিরসনে বাংলাদেশের তাৎপর্যপূর্ণ অগ্রগতি থাকা সত্ত্বেও একটি উল্লেখযোগ্য জনগোষ্ঠী দারিদ্র্য সীমার নীচে অথবা যে কোন সময় দারিদ্র্য সীমার নীচে চলে যাওয়ার ঝুঁকিতে বাস করে এবং তাদের একটি বড় অংশ সামাজিক নিরাপত্তা সেবা প্রাপ্তির সুবিধা হতে বঞ্চিত। তাছাড়া সামাজিক নিরাপত্তা খাতে সরকার কর্তৃক বড় অঙ্কের অর্থ ব্যয় করা সত্ত্বেও সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ দারিদ্র্য ও আয় বৈষম্য নিরসনের ক্ষেত্রে প্রত্যাশিত ভূমিকা রাখতে পারছে না। এমতাবস্থায় দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে আরো জোরদারকরণের লক্ষ্যে ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (National Social Security Strategy-NSSS) প্রণয়ন করা হয়। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্রে ভিজিডি কর্মসূচি এর অনুরূপ সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা) কর্মসূচির সাথে সমন্বয় করে দুঃস্থ নারী সহায়তা (Vulnerable Women Benefit-VWB) কার্যক্রমে রূপান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং উক্ত কার্যক্রমের বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও তদানুযায়ী বাস্তবায়নের দায়িত্ব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপর ন্যস্ত করা হয় (তথ্যসূত্র: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র, পৃষ্ঠা-৪৮)।

১.৩ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্রে (NSSS) বর্তমান সময়ে নগরায়নের কারণে শহর এলাকায় দরিদ্র মানুষের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ায় গ্রামীণ এলাকার প্রচলিত সামাজিক নিরাপত্তা কার্যক্রম নগর এলাকায় সম্প্রসারণের বিষয়েও জোর দেয়া হয়। ভিজিডি মূলত গ্রামীণ এলাকায় বাস্তবায়িত কর্মসূচি। কিন্তু Vulnerable Women Benefit (VWB) কার্যক্রম ভবিষ্যতে নগর এলাকায়ও সম্প্রসারিত করার বিষয়ে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্রে (NSSS) সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। ভিজিডি কর্মসূচির কার্যকরি কমিটির সভাতেও নগর এলাকায় ভিডব্লিউবি কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা প্রস্তুতের জন্য সুপারিশ করা হয়।

১.৪ ২০১১ সালে প্রণীত ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকাকে চলমান ভিডব্লিউবি কার্যক্রমের আঙ্গিকে হালনাগাদ করা হয়েছে। NSSS অনুযায়ী জুলাই ২০২২ থেকে ভিজিডি কর্মসূচির নাম পরিবর্তন হয়ে Vulnerable Women Benefit-VWB কার্যক্রম হিসেবে বাস্তবায়িত হচ্ছে বিধায় উক্ত কার্যক্রমের জন্য একটি যুগোপযোগী বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

১.৫ সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (NSSS) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার নির্দেশনা মোতাবেক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিজিডি) কর্মসূচি এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা) কর্মসূচিকে একীভূত করে জীবনচক্র পদ্ধতিতে (Life Cycle Approach) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমে পুনর্গঠন ও উন্নীত করার কাজ চলমান

রয়েছে। ইতোমধ্যে কর্মসূচির নাম পরিবর্তন করা সহ (জুলাই ২০২২) পরিবর্ধিত (উন্নত) ভিডব্লিউবি (Improved VWB) কার্যক্রমের একটি বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা (খসড়া) প্রণয়ন করা হয়েছে।

## ২. কার্যক্রম পরিচিতি:

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্রে দেশের সামাজিক নিরাপত্তা খাতের সার্বিক সংস্কার বাস্তবায়নের উদ্দেশ্যে Life Cycle Approach বা জীবনচক্র পদ্ধতি অনুসরণ করা হয়েছে। উক্ত পদ্ধতিতে চলমান সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহকে একীভূতকরণের নির্দেশনা রয়েছে যাতে করে সীমিত সংখ্যক কর্মসূচির মাধ্যমে একজন নাগরিক তার জীবনের বিভিন্ন পর্যায়ে যে ধরণের ঝুঁকির সম্মুখীন হন তা মোকাবেলা করার সক্ষমতা অর্জন করতে পারেন। এরই ধারাবাহিকতায় কর্মক্ষম বয়সের দরিদ্র, অস্বচ্ছল ও অসহায় নারীরা দারিদ্র্যতার কারণে যে ধরনের ঝুঁকির মধ্যে থাকেন তা নিরসনের জন্য Vulnerable Women Benefit-VWB কার্যক্রম প্রণয়ন করা হয়েছে যার মূল দায়িত্ব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপর ন্যস্ত রয়েছে। মূলত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি কর্মসূচিতে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র দ্বারা প্রস্তাবিত প্রাতিষ্ঠানিক এবং কার্যক্রমভিত্তিক সংস্কারের মাধ্যমে ভিজিডি কর্মসূচিকে ভিডব্লিউবি কার্যক্রমে রূপান্তর করা হয়েছে। ভিজিডি কর্মসূচির ন্যায় খাদ্য বিতরণের পাশাপাশি সকল উপকারভোগীর আয় বৃদ্ধিমূলক কাজের সক্ষমতা বৃদ্ধির জন্য সঞ্চয় ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

সামাজিক নিরাপত্তা কৌশলপত্রের (অধ্যায়-৪, পৃষ্ঠা-৫২) নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা কর্মসূচির সর্বমোট উপকারভোগীর মধ্য থেকে ৫০০,০০০ (পাঁচ লক্ষ) উপকারভোগীকে উদ্যোক্তা তৈরি/ ব্যবসা (এন্টারপ্রাইজ) সহায়তার মাধ্যমে ইমপ্রুভড ভিজিডির (আইসিভিজিডি প্রকল্প) মডেল অনুযায়ী গ্রাজুয়েট হিসেবে উন্নীত করার সিদ্ধান্ত রয়েছে।

উপকারভোগীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ যেমন পুষ্টি, প্রাথমিক স্বাস্থ্য, উদ্যোক্তা উন্নয়ন, ডিজিটাল ফিনান্সিয়াল লিটারেসি ও হিসাব শিক্ষা, সমন্বিত মানব উন্নয়ন, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা, ক্ষুদ্র ব্যবসা ও উদ্যোগের উপর আয়বর্ধনমূলক প্রশিক্ষণ, ভ্যালু চেইন মার্কেট ও লিংকেজ ইত্যাদি সহ সামাজিক আচরণ পরিবর্তন যোগাযোগ (Social Behavior Change Communication- SBCC) স্থাপনে সহায়তা প্রদানের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি নারী উদ্যোক্তা তৈরির লক্ষ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব (Public Private Partnership) স্থাপনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক আর্থিক/ ঋণ (access to finance) এবং কারিগরী সহায়তা প্রদানের প্রয়োজনী ব্যবস্থা গ্রহন করা হবে।

ভিডব্লিউবি কার্যক্রমকে দুর্যোগ সহনশীল ও পুষ্টি সংবেদনশীল সামাজিক নিরাপত্তা কার্যক্রমে (shock responsive and nutrition sensitive social protection programme) উন্নীত করার লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে প্রয়োজনীয় আলোচনা বা এ্যাডভোকেসির পাশাপাশি পর্যায়ক্রমে এই কার্যক্রমে দুর্যোগ সহনশীল (shock responsive) ও পুষ্টি সংবেদনশীল (nutrition sensitive) এর উপাদানগুলো অন্তর্ভুক্ত করা হবে।

### ভিডব্লিউবি (VWB) কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য

**লক্ষ্য:**

ভিডব্লিউবি কার্যক্রমের মূল লক্ষ্য হলো দেশের কর্মক্ষম বয়সের অতি দরিদ্র নারী ও তার পরিবারের দৈনন্দিন খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং আয়-বর্ধনমূলক কাজের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলা যাতে করে তারা নিজেদের অবস্থার উন্নয়নের পাশাপাশি জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে পারেন।

**উদ্দেশ্য:** উপরোক্ত লক্ষ্যকে সামনে রেখে কয়েকটি সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের উপর বিশেষ গুরুত্বারোপ করবে, যেমন:

- অতি দরিদ্র নারী এবং তার পরিবারের দৈনন্দিন খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা
- উপকারভোগীদের ব্যক্তিগত সঞ্চয়ের মনোভাব তৈরি করা
- অতি দরিদ্র নারীদের দারিদ্রতা বিমোচনের উদ্দেশ্যে তাদের ন্যূনতম উপার্জন নিশ্চিত করা

- ডিজিটাল ফাইনান্সিয়াল ইনক্লুশন কার্যক্রমে নারীর সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি পরিবারের পুরুষ সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করা
- উপকারভোগীদেরকে উদ্যোক্তা তৈরি করে অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে তাদের যথাযথ সামাজিক মর্যাদা নিশ্চিত করা। এক্ষেত্রে পরিবারের পুরুষ সদস্যদেরকে উক্ত কাজে সচেতন ও সম্পৃক্ত করা।
- সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তায় ঋণ গ্রহনের সুযোগ সৃষ্টি করা
- আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক বাজার ব্যবস্থাপনায় উপকারভোগীদের সংযোগ (লিংকেজ) স্থাপন করা ইত্যাদি।

উপরোক্ত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ বিভিন্ন জাতীয় উন্নয়ন লক্ষ্যমাত্রা, নীতি ও কৌশলপত্রের সাথে সামঞ্জস্য রেখে নির্ধারণ করা হয়েছে। ভিডব্লিউবি কার্যক্রম বাংলাদেশ সরকারের নিম্নলিখিত উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ভূমিকা রাখবেঃ

- ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সামাজিক সুরক্ষা সংক্রান্ত ভিশন/ লক্ষ্য অর্জন
- জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (NSSS)-২০১৫ এর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত লক্ষ্য অর্জন
- বাংলাদেশ সংবিধানের ২৮(২), ২৮(৩) এবং ২৯(২) নং অনুচ্ছেদ এর যথাযথ বাস্তবায়ন
- জাতীয় নারী উন্নয়ন নীতিমালা ২০১১ এর ১৬(৫), ১৬(৬), ১৬(৭) নং লক্ষ্য অর্জন
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-২০৩০ এর অভীষ্ট লক্ষ্য (ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত টেকসই অর্থনৈতিক উন্নয়ন, আয় বৈষম্য নিরসন ও মানব সম্পদ উন্নয়ন) অর্জন
- মন্ত্রীপরিষদ বিভাগের Strategic Guidelines and Action Plans for Adaptive Social Protection in Bangladesh এবং Standard Operational Procedure (SOP) for Shock Responsive Social Protection Programme in Bangladesh এর নির্দেশনা বাস্তবায়ন।

## ৩. ভিডব্লিউবি কার্যক্রম ব্যবস্থাপনা ও সমন্বয়:

৩.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ভিডব্লিউবি কার্যক্রম সারাদেশে বাস্তবায়ন করবে। মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত মঞ্জুরী/ সরকারি আদেশ (GO) অনুযায়ী এই নির্দেশিকা অনুসরণ করে মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি, মাঠ প্রশাসন, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি এবং উন্নয়ন সহযোগী সংগঠনের কারিগরী সহযোগিতায় কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি শাখা কার্যক্রম বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবে।

৩.২ মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা, উপজেলা, সিটি কর্পোরেশন ও জেলা পর্যায়ে বাস্তবায়ন কমিটি থাকবে। জাতীয় পর্যায়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সভাপতিত্বে 'পারফরমেন্স ম্যানেজমেন্ট কমিটি' ও সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে 'কেন্দ্রীয় সমন্বয় কমিটি' থাকবে।

৩.৩ কার্যক্রমটি সার্বিকভাবে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র তত্ত্বাবধানে থাকবে এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় এই কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উপকারভোগীর সংখ্যা ১৫ লাখে উন্নীতকরণের বিষয়ে বর্ণিত কমিটির নিকট প্রয়োজনীয় প্রস্তাবনা দাখিল করবে এবং উক্ত কমিটি তা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রম অব্যাহত রাখবে।

৩.৪ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন 'দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি)' ও সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন 'বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা)' কর্মসূচি দুটোকে একীভূত করে 'ভালনারেবল উইমেন বেনিফিট-ভিডব্লিউবি' কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং উপকারভোগীর সংখ্যা ৩২ লাখ নির্ধারণ করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা) কর্মসূচিতে ১৭ লাখ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক

বাস্তবায়নাধীন ভিডব্লিউবি কার্যক্রমের মাধ্যমে উপকারভোগীর সংখ্যা ১৫ লাখে উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে বাজেট বরাদ্দের বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় অর্থ বিভাগের সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৩.৫ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র অনুযায়ী ভিডব্লিউবি আরবান (নগর ভিডব্লিউবি) ডিজাইন ও বাস্তবায়ন এবং NSSS এর ২০২১-২০২৬ মেয়াদের কর্মপরিকল্পনায় ১টি সিটি কর্পোরেশন ও ১টি পৌরসভায় ভিডব্লিউবি আরবান (নগর ভিডব্লিউবি) পাইলটিং করার সুস্পষ্ট নির্দেশনা রয়েছে।

৩.৬ উপরোল্লিখিত কর্মসূচির আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) কার্যক্রম এবং সমাজসেবা অধিদপ্তরের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (পূর্বের বিধবা ভাতা) কর্মসূচির মধ্যকার বিদ্যমান দ্বৈততা পরিহারের পাশাপাশি দুটো প্রোগ্রামকে একীভূত করার লক্ষ্যে কার্যকর সমন্বয় সাধনসহ নিম্নোল্লিখিত ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে-

**সুপারিশসমূহ:**

১. সামাজিক নিরাপত্তা কৌশলপত্রের নির্দেশনা মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তরের 'ভিডব্লিউবি' কর্মসূচি এবং সমাজসেবা অধিদপ্তরের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা) কর্মসূচির উপকারভোগীর দ্বৈততা পরিহারের লক্ষ্যে এপিআই ইন্টিগ্রেশন (উপকারভোগীদের ডাটাবেজ ইন্টিগ্রেশন) নিশ্চিতকরণ;

২. সামাজিক নিরাপত্তা কৌশলপত্রের নির্দেশনা মোতাবেক 'ভিডব্লিউবি' শিরোনামে ও উক্ত কর্মসূচির মতো বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (পূর্বের বিধবা ভাতা) কর্মসূচির মেয়াদ, বেনিফিট প্যাকেজ, প্রশিক্ষণ, উপকারভোগী গ্রাজুয়েশন, আয়বর্ধনমূলক ব্যবসা সহায়তা ইত্যাদি একীভূত করত: ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) প্রকল্পের মডেল অনুযায়ী বাস্তবায়ন বিষয়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;

৩. সামাজিক নিরাপত্তা কৌশলপত্রের নির্দেশনা মোতাবেক (তথ্যসূত্র: অধ্যায় ৪ (চার), পৃষ্ঠা- ৫২) সামাজিক নিরাপত্তা কর্মসূচির সর্বমোট উপকারভোগীর মধ্য থেকে ৫০০,০০০ (পাঁচ লক্ষ) উপকারভোগীকে উদ্যোক্তা তৈরি/ ব্যবসা (এন্টারপ্রাইজ) সহায়তার মাধ্যমে আইসিভিজিডি প্রকল্পের মডেল অনুযায়ী গ্রাজুয়েট হিসেবে উন্নীত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে;

৪. ভিডব্লিউবি কার্যক্রমের দুই বছর মেয়াদী চক্রের কার্যক্রম মূল্যায়নের জন্য বিভিন্ন গবেষণা পরিচালনা ও এভিডেন্স তৈরি যা পূর্বের ভিজিডি (বর্তমান ভিডব্লিউবি) ও চলমান বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (বিধবা ভাতা) কর্মসূচিকে একীভূত করে একক ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (সেকেন্ড জেনারেশন) ও ৯ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## ৪. কার্যক্রমের পরিধি ও উপকারভোগী নির্বাচন:

বাংলাদেশের সকল ইউনিয়নের জনসংখ্যা ও দারিদ্র্যতার হার অনুযায়ী সকল এলাকার জন্য নির্ধারিত সংখ্যক অতিদরিদ্র, দুঃস্থ ও অসহায় নারীদের প্রতিমাসে খাদ্য সহায়তার পাশাপাশি উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় উপকারভোগী নারীদেরকে জীবনদক্ষতা উন্নয়ন ও আয়বর্ধক প্রশিক্ষণ, মাসিক সঞ্চয় স্কীমে অন্তর্ভূক্ত করা এবং ঋণ সেবায় সহযোগিতা করা হয়।

**গ্রামীণ পর্যায়ে ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া:**

**<u>ক) ভিডব্লিউবি কার্ড বরাদ্দ:</u>**

বাংলাদেশের দরিদ্রতার মানচিত্র (poverty map) ও দারিদ্র ডাটাবেইজ (poverty database) এর ভিত্তিতে জেলা ও উপজেলা পর্যায়ে কার্ড বরাদ্দ করা হয়ে থাকে। এই মানচিত্র ও ডাটাবেইজ-এ উপজেলাভিত্তিক মোট জনসংখ্যার শতকরা কতজন অতি দারিদ্রসীমার নীচে বাস করে তা প্রদর্শিত হয়।

ভিডব্লিউবি কার্যক্রমের মোট কার্ডসমূহ উপজেলাভিত্তিক অতিদারিদ্রতার শতকরা হার এর আনুপাতিক হারে বন্টন করা হয়। এক্ষেত্রে উচ্চ দারিদ্র হার সম্পন্ন উপজেলাসমূহ বেশি বরাদ্দ পেয়ে থাকে এবং কম দারিদ্র হার সম্পন্ন উপজেলাসমূহ তুলনামূলকভাবে কম বরাদ্দ পেয়ে থাকে। তবে এই বরাদ্দ উপজেলাভিত্তিক অতিদরিদ্র জনসংখ্যার অনুপাতে করা হয় না।

উপজেলা পর্যায়ে কার্ড বরাদ্দ হয় মূলত: প্রতি ইউনিয়নে যেন নূন্যতম ৫০ টি (পঞ্চাশ) কার্ড প্রদান করা যায় তার ভিত্তিতে। অধিকন্তু নির্দিষ্ট উপজেলার সকল ইউনিয়নে ভিডব্লিউবি কার্ড পুনরায় বরাদ্দ প্রদানের ক্ষেত্রে উপজেলা ভিডব্লিউবি কমিটি খাদ্য নিরাপত্তাহীনতা ও দুর্দশাগ্রস্থ পরিবারের সংখ্যা গুরুত্ব সহকারে বিবেচনা করে কার্ড বন্টন করবে। তবে, সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় ভিডব্লিউবি কার্ড বরাদ্দ দেয়া হবে না। তবে, বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিডব্লিউবি কার্ড প্রদান করা যাবে। সেক্ষেত্রে পৌরসভার জন্য মেয়র এবং সিটি কর্পোরেশনের জন্য প্রধান/ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এর অনুকূলে খাদ্যের ডিও (অর্পনাদেশ) জারি করা যাবে।

**খ) উপকারভোগী নির্বাচন:**

ভিডব্লিউবি আবেদনকারীগণ ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ভিডব্লিউবি ওয়েবসাইট (www.dwavwb.gov.bd), ভিডব্লিউবি মোবাইল এ্যাপস, তথ্য আপা এর মাধ্যমে সংযোজনী - ১.১ অনুযায়ী আবেদন করবেন। ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি তার সদস্যদের সমন্বয়ের মাধ্যমে ভিডব্লিউবি এমআইএস-এ আবেদনকারীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করবে। এই তালিকা প্রস্তুতির জন্য ছক-১.২ (সংযোজনী) ব্যবহার করতে হবে। ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক উপকারভোগীদের প্রাথমিক তালিকা (নূন্যতম ১০% অপেক্ষমান তালিকা সহ) উপজেলা ভিডব্লিউবি কমিটির নিকট সুপারিশ আকারে ভিডব্লিউবি এমআইএস-এ প্রেরণ করবে (সংযোজনী-১.৩)। অত:পর উপজেলা ভিডব্লিউবি কমিটি পুনরায় যাচাই-বাছাই করে ভিডব্লিউবি এমআইএস-এ উপকারভোগীদের তালিকা চূড়ান্ত করবে।

তালিকায় ভিডব্লিউবি উপকারভোগীদের নাম এবং ঠিকানা অন্তর্ভূক্ত থাকবে। ভিডব্লিউবি চক্র শুরু হওয়ার প্রথম ৬ মাসের মধ্যে কোন উপকারভোগী মৃত্যুবরণ করলে অথবা অন্যত্র স্থায়ীভাবে গমন করলে/ স্থানান্তরিত হলে উপজেলা ভিডব্লিউবি কমিটি ভিডব্লিউবি পরিপত্র অনুযায়ী অপেক্ষমান তালিকা হতে ক্রমানুসারে যাচাই-বাছাইয়ান্তে উপকারভোগী নির্বাচন করে তালিকা সংশোধন করবে।

**গ) ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের মানদন্ডঃ**

ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ইউনিয়নের চরম দুর্দশাগ্রস্থ ও অতিদরিদ্র পরিবার হতে শারীরিক ও মানসিকভাবে সুস্থ নারীকে পরবর্তী ২৪ (চব্বিশ) মাসব্যাপী ভিডব্লিউবি চক্রের জন্য উপকারভোগী হিসেবে বাছাই/ নির্বাচন করবে। ভূমিহীন পরিবার, নারী প্রধান পরিবার এবং যাদের নিয়মিত আয়ের কোন উৎস নেই এমন পরিবার অগ্রাধিকার পাবে। ভিডব্লিউবি কার্যক্রমে প্রাথমিকভাবে অন্তর্ভূক্ত হতে হলে উপকারভোগী নির্বাচনের আবশ্যিক শর্তসমূহ পূরণ করতে হবে।

**গ্রামীণ পর্যায়ে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবেঃ**

**অন্তর্ভুক্তির আবশ্যিক যোগ্যতা/ শর্ত:**

১. শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও কর্মক্ষম নারী;
২. বয়সসীমা ২০ হতে ৫০ বছর;
৩. জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক;
৪. পরিবারের স্থায়ী/ নিয়মিত আয়ের উৎস নেই এবং কোন উপার্জনক্ষম সদস্য নেই।

**অগ্রাধিকার প্রাপ্তির যোগ্যতা/ শর্ত:**

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম;
২. অসচ্ছল, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী;
৩. রিক্সা বা ভ্যানচালক, কৃষি শ্রমিক, দিনমজুর, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, মুচি, জেলে ইত্যাদি প্রান্তিক পর্যায়ের পেশাজীবি পরিবার;
৪. পরিবারের নিজস্ব শৌচাগার না থাকা;
৫. পরিবারে বিদ্যুৎ সংযোগ না থাকা (যদি ঐ গ্রামে বিদ্যুৎ থাকে);
৬. পরিবারে বৈদ্যুতিক পাখা না থাকা;
৭. পরিবারে নিজস্ব টিউবওয়েল/ নিরাপদ পানির উৎস না থাকা;
৮. মাটি/পাটখড়ি/গোলপাতা/বাঁশ/টিনের ছাপড়া দিয়ে তৈরী ঘরের দেয়াল;
৯. যে সকল পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে রয়েছে এরূপ পরিবার;
১০. অটিজম/ প্রতিবন্ধী সদস্য আছে এরূপ পরিবার;
১১. প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারী;
১২. এসিড সার্ভাইবার নারী;

যে দরিদ্র পরিবারে কিশোরী আছে এরূপ পরিবারের “মা” অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে কিশোরী নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অংগীকারাবদ্ধ থাকবে। প্রদেয় অঙ্গীকার ভঙ্গকারী উপকারভোগীদের অনুকূলে বরাদ্দকৃত কার্ড তাৎক্ষনিকভাবে বাতিল করা হবে।

**অন্তর্ভুক্তির অযোগ্যতা:**

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের উপরে;
২. সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/ প্রকল্পের উপকারভোগী;
৩. ভিডব্লিউবি কার্যক্রমের বিগত দু'টি চক্রের যে কোন একটিতে কার্ডধারী ছিলেন এমন উপকারভোগী।

**অন্তর্ভুক্তির সাধারণ শর্তাবলী:**

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিডব্লিউবি কার্ড পাবে;
২. নির্বাচিত উপকারভোগীগণ বিনা শর্তে এবং বিনামূল্যে ভিডব্লিউবি কার্ড পাবেন;
১. আবেদনকারী আবেদনকৃত এলাকার স্থায়ী বাসিন্দা বা ভোটার না হলেও দীর্ঘদিন ঐ এলাকায় বসবাস করলে এবং প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে সেই এলাকার ভিডব্লিউবি কার্যক্রমের সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন।

**ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া:**

প্রতিটি ভিডব্লিউবি চক্র শুরুর অন্তত ১২ (বার) মাস আগে অর্থাৎ জুলাই মাসে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক উপকারভোগী নির্বাচনের দিকনির্দেশনাসহ বিস্তারিত একটি সার্কুলার/ পরিপত্র জেলা ও উপজেলায় প্রেরণ করা হবে। এই পরিপত্রে উপজেলাভিত্তিক ভিডব্লিউবি কার্ডের বরাদ্দ সংখ্যা, উপকারভোগী নির্বাচনের সময়সূচি উল্লেখপূর্বক যেসব প্রক্রিয়ায় ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন করা হবে তার উল্লেখ থাকবে।

ক) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি উপকারভোগী বাছাইয়ের পূর্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ইউনিয়ন পর্যায়ে একটি অবহিতকরণ সভা করবে। এতে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারনা অর্জন করবে এবং বাছাইকার্য সম্পাদন করবে।

খ) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি প্রাপ্ত আবেদনের পরিপ্রেক্ষিতে সংযোজনী ছক-১.২ পূরণ করে উপকারভোগীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করবে। উক্ত তালিকায় ইউনিয়ন কমিটির সকল সদস্য স্বাক্ষর করবেন।

গ) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি গণজমায়েত করে তালিকা যাচাই-বাছাই করে চূড়ান্ত ও নূন্যতম ১০% অপেক্ষমান তালিকা সুপারিশ আকারে উপজেলা ভিডব্লিউবি কমিটিতে প্রেরণ করবে।

ঘ) উপজেলা ভিডব্লিউবি কমিটি ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি কর্তৃক সুপারিশকৃত (অপেক্ষমান তালিকাসহ) তালিকাটি যাচাই-বাছাই/ পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এর সহযোগিতায় ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে/ উন্মুক্ত স্থানে আবশ্যিকভাবে গণজমায়েতের আয়োজন করবে। তালিকাটি যাচাইপূর্বক সভা আহবান করে উপকারভোগীদের চূড়ান্ত তালিকা অনুমোদন করবে। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা চূড়ান্ত তালিকার প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং স্বাক্ষরকৃত তালিকাটি জনগণের অবহিতকরণের জন্য ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদের উন্মুক্ত স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

**উপরোক্ত প্রক্রিয়াটি নীচের সময়সীমা অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।**

| কার্যক্রম | মাস | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই | আগস্ট | সেপ্টে. | অক্টো | নভে | ডিসে | জানু | ফেব্রু | মার্চ | এপ্রিল | মে | জুন |
| ১. উপকারভোগী নির্বাচন সংক্রান্ত পরিপত্র প্রকাশ | | | | | | | | | | | | |
| ২. জাতীয় ও মাঠ পর্যায়ে উপকারভোগী নির্বাচনের উপর সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনা | | | | | | | | | | | | |
| ৩. উপকারভোগী নির্বাচন ব্যবস্থার উপর সংশ্লিষ্ট সকল অংশীজনকে ধারণা প্রদানের জন্য উপজেলা ভিডব্লিউবি কমিটির মাধ্যমে উপজেলা পর্যায়ে অবহিতকরণ কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন | | | | | | | | | | | | |
| ৪. অনলাইনে আবেদন করার সময়সীমা | | | | | | | | | | | | |
| ৫. ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত তথ্য যাচাইয়ের মাধ্যমে সুপারিশকৃত তালিকা উপজেলায় প্রেরণ | | | | | | | | | | | | |
| ৬. ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে সুপারিশকৃত উপকারভোগীদের তালিকার তথ্য গণজমায়েতের মাধ্যমে উপজেলা কমিটি কর্তৃক যাচাই | | | | | | | | | | | | |
| ৭. উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুতকরণ ও অনুমোদন | | | | | | | | | | | | |
| ৮. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের তালিকা | | | | | | | | | | | | |

| কার্যক্রম | মাস | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই | আগস্ট | সেপ্টে. | অক্টো | নভে | ডিসে | জানু | ফেব্রু | মার্চ | এপ্রিল | মে | জুন |
| জনসাধারণের অবগতির জন্য উন্মুক্ত স্থানে প্রদর্শন | | | | | | | | | | | | |
| ৯. অভিযোগ প্রাপ্তিসাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের বিষয়ে উপজেলা কমিটি কর্তৃক (অনুর্ধ্ব ৭ কর্মদিবসের মধ্যে) তদন্ত ও প্রয়োজন অনুযায়ী চূড়ান্ত তালিকা সংশোধন, পুন:প্রকাশ ও উপকারভোগী পর্যায়ে ভিডব্লিউবি কার্ড বিতরণ | | | | | | | | | | | | |

❖ ইউনিয়ন পর্যায়ের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই-এর শর্তাবলী, প্রক্রিয়া এবং নিয়মাবলী সম্পর্কে উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি সংশ্লিষ্ট উপজেলার সকল ইউপি চেয়ারম্যান এবং প্রশাসনিক কর্মকর্তাদের সমন্বয়ে উপজেলা পর্যায়ে একটি অবহিতকরণ সভা অক্টোবর মাসে সম্পন্ন করবে। এ সভায় ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন ও কমিটি গঠনপূর্বক আদেশ জারী করবে।

❖ উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভায় প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত ইউপি ভিডব্লিউবি কমিটির সভা আয়োজন করবে।

❖ ভিডব্লিউবি উপকারভোগীর প্রাথমিক আবেদনসমূহ ভিডব্লিউবি ডাটাবেইজ www.dwavwb.gov.bd এ সংরক্ষিত থাকবে। ভিডব্লিউবি এর সুবিধাপ্রাপ্তির যোগ্য/ আগ্রহী নারী যে কোন স্থান হতে অনলাইনে আবেদন করতে পারবেন (ডিসেম্বর-জানুয়ারি)।

❖ ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ফেব্রুয়ারি মাসে ইউনিয়নে বরাদ্দের তুলনায় প্রায় ১.৫ গুণ আবেদন অনলাইনে সংগ্রহ করবে। প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা ভিডব্লিউবি কমিটির সদস্যের উপস্থিতিতে বিবিএস কর্তৃক দরিদ্র পরিবারের তালিকা হতে প্রাথমিক সম্ভাব্য উপকারভোগীর তথ্যাদি যাচাইর্পূবক প্রাথমিক নামের তালিকা প্রস্তুত করবে।

❖ ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ওয়ার্ড থেকে প্রাপ্ত সম্ভাব্য ভিডব্লিউবি উপকারভোগীদের তালিকা ওয়েব সাইট/ ডাটাবেইজ থেকে হার্ডকপি সংগ্রহ করে কমিটির সকল সদস্যের স্বাক্ষর গ্রহণ করবেন। স্বাক্ষরিত তালিকাটির যাচাই-বাছাইয়ের কার্যক্রম ফেব্রুয়ারি মাসের মধ্যে শেষ করবে। যাচাই-বাছাই করে চূড়ান্ত ও অপেক্ষমান তালিকা সুপারিশ আকারে উপজেলা ভিডব্লিউবি কমিটিতে প্রেরণ করবে।

❖ উপজেলা ভিডব্লিউবি কমিটি প্রযোজ্য ক্ষেত্রে ৩-৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠনপূর্বক উক্ত তালিকা যাচাই-বাছাই করবে। এ কার্যক্রমটি মার্চ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, উপজেলা ভিডব্লিউবি কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে দায়িত্ব পালনে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত ৩-৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি উপকারভোগী নির্বাচনের দায়িত্ব পালন করবে।

❖ উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার তালিকাটি পর্যালোচনাপূর্বক পূর্ণাঙ্গ তালিকা অনুমোদন করবেন। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সংযোজনী ছক-১.৩ অনুযায়ী প্রস্তুতকৃত ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের পূর্ণাঙ্গ তালিকার প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে স্বাক্ষরিত তালিকাটি প্রেরণ করবেন। অনুমোদিত এবং স্বাক্ষরিত চূড়ান্ত ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের তালিকা এপ্রিল মাসের মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরণ নিশ্চিত করবেন। অনুমোদিত তালিকা ভিডব্লিউবি সফটওয়্যার ও dwa.gov.bd ওয়েব সাইটে সকলের অবগতির জন্য উন্মুক্ত/ প্রদর্শন করতে হবে।

❖ অনুমোদিত চূড়ান্ত তালিকায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে উপজেলা ভিডব্লিউবি কমিটি সরেজমিনে তদন্ত করবেন। এক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি হিসাবে দুই অথবা তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করবেন। সংশ্লিষ্ট তদন্ত কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন তৈরী করতঃ স্বাক্ষরপূর্বক উপজেলা ভিডব্লিউবি কমিটির নিকট পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য পেশ করবেন (মে মাসের মধ্যে)।

❖ উপজেলা ভিডব্লিউবি কমিটি কর্তৃক তালিকা অনুমোদনের ১৫ (পনের) দিনের মধ্যে প্রত্যেক নির্বাচিত উপকারভোগী মহিলার অনুকূলে 'ভিডব্লিউবি কার্ড' বিতরণ নিশ্চিত করবে। এ ক্ষেত্রে উপজেলা পরিষদে পূর্বনির্ধারিত তারিখে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার/ দায়িত্বপ্রাপ্ত উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা উপস্থিত থেকে অনুমোদিত তালিকা অনুযায়ী নির্বাচিত উপকারভোগী মহিলাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক আনুষ্ঠানিকভাবে ভিডব্লিউবি কার্ড বিতরণ করবেন। সাক্ষাৎকালে উপকারভোগী নির্বাচনের শর্তাবলীর ব্যত্যয় বা অন্য কোন অনিয়ম পরিলক্ষিত হলে তদন্ত সাপেক্ষে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবে। কোন অবস্থাতেই উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের (Transfer Assurance Guide (TAG) Officer) অনুপস্থিতিতে ভিডব্লিউবি কার্ড বিতরণ এবং কার্ড বিতরণ না করে খাদ্য বিতরণ করা যাবে না। চক্র শুরুর কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে 'ভিডব্লিউবি কার্ড' নির্বাচিত ভিডব্লিউবি উপকারভোগীদের মধ্যে বিতরণ সম্পন্ন করবে।

**ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন ক্যালেন্ডার:**

| ক্রম | মাসের নাম | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জুলাই – আগষ্ট | উপকারভোগী নির্বাচন সংক্রান্ত পরিপত্র প্রকাশ | মহিলা বিষয়ক অধিদপ্তর (ভিডব্লিউবি শাখা) |
| ২. | সেপ্টেম্বর-অক্টোবর | জাতীয় ও মাঠ পর্যায়ে উপকারভোগী নির্বাচনের উপর সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনা | মহিলা বিষয়ক অধিদপ্তর (ভিডব্লিউবি শাখা) |
| ৩. | নভেম্বর | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকল অংশীদারের উপকারভোগী নির্বাচন ব্যবস্থার উপর ধারণা প্রদানের জন্য উপজেলা ভিডব্লিউবি কমিটির মাধ্যমে অবহিতকরণ কর্মশালা আয়োজন এবং উপজেলা পর্যায়ে কর্মপরিকল্পনা প্রণয়ন | উপজেলা ভিডব্লিউবি কমিটি |
| ৪. | ডিসেম্বর-জানুয়ারি | আবেদনকারী নিজে অনলাইনে আবদেন করার সময় সীমা | ইউডিসি, তথ্য আপা প্রকল্পের কর্মী এবং অন্যান্য মাধ্যম |
| ৫. | ফেব্রুয়ারি | ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত তথ্য যাচাইয়ের মাধ্যমে প্রাথমিকভাবে উপকারভোগী নির্বাচন | ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি |
| ৬. | মার্চ | ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত উপকারভোগীদের তথ্য উপজেলা কমিটি কর্তৃক যাচাই | উপজেলা ভিডব্লিউবি কমিটি |
| ৭. | এপ্রিল | উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুতকরণ ও অনুমোদন | ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ও উপজেলা ভিডব্লিউবি কমিটি |
| ৮. | এপ্রিল | জনসম্মুখে চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের তালিকা প্রদর্শন | ইউনিয়ন ও উপজেলা ভিডব্লিউবি কমিটি |
| ৯. | মে-জুন | অভিযোগ প্রাপ্তি স্বাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের বিষয়ে উপজেলা কমিটি কর্তৃক (অনুর্ধ্ব ৭ কর্মদিবসের মধ্যে) তদন্ত ও প্রয়োজন অনুযায়ী চূড়ান্ত তালিকা সংশোধন, পুন:প্রকাশ ও কার্ড বিতরণ | উপজেলা ও ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি |

**ভিডব্লিউবি কার্ড বাতিল সংক্রান্ত :**

উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি, কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত কারণে ভিডব্লিউবি কার্ড বাতিল করতে পারবেন এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়কে অবগত করবেন:

১. কার্ড অন্যের নিকট হস্তান্তর এবং বিক্রয় করে দিলে;
২. ভিডব্লিউবি চক্র শুরুর ৬ (ছয়) মাসের মধ্যে কোন উপকারভোগী স্থায়ীভাবে ইউনিয়নের বাইরে অবস্থান করলে বা চলে গেলে অথবা মৃত্যুবরণ করলে; (পরিপত্র অনুযায়ী উপজেলা ভিডব্লিউবি কমিটি অপেক্ষমান তালিকা হতে ক্রমানুসারে উপকারভোগী নির্বাচনের মাধ্যমে তালিকা সংশোধন করতে পারবে)
৩. কার্ড প্রদানের পরে উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন ধরনের অনিয়ম পাওয়া গেলে;
৪. কার্ড শেয়ারিং/ ভাগাভাগি করলে।

## ৫. খাদ্য বিতরণ প্রক্রিয়া:

### ৫.১ খাদ্যশস্য বরাদ্দ ও বিতরণ ব্যবস্থাপনা বিষয়ক পদক্ষেপসমূহ:

ভিডব্লিউবি কার্যক্রমের আওতাধীন খাদ্য বিতরণ প্রক্রিয়ায় নিম্নোক্ত পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে:

**পদক্ষেপ ১:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় খাদ্যের পরিমান ও উপজেলা ভিত্তিক ভিডব্লিউবি কার্ডধারীর সংখ্যা এবং পরিবহন ও আনুষাঙ্গিক খরচের পরিমান জানিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর এর অনুকূলে সরকারি মঞ্জুরী আদেশ (Government Order-GO) জারি করবে।

**পদক্ষেপ ২:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে সরকারি মঞ্জুরী আদেশ পাওয়ার পর মহিলা বিষয়ক অধিদপ্তর উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুকূলে উপজেলায় কার্ড সংখ্যা ও খাদ্যের পরিমাণ উল্লেখ করে নির্দিষ্ট সময়ের জন্য বরাদ্দপত্র (Allotment Order-AO) জারি করবে।

**পদক্ষেপ ৩:** উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/নিবার্চিত মিলারের অনুকূলে (পুষ্টিচাল কার্যক্রমভূক্ত) খাদ্যের অর্পনাদেশ (Demand Order-DO) জারি করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট পত্র লিখবেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উক্ত বরাদ্দপত্র উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউনিয়ন চেয়ারম্যান/নিবার্চিত মিলারের অনুকূলে (পুষ্টিচাল কার্যক্রমভূক্ত) প্রেরণ করবে।

**পদক্ষেপ ৪:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সংশ্লিষ্ট ইউনিয়নের অনুকূলে বরাদ্দকৃত খাদ্য বিতরণের জন্য স্থানীয় খাদ্য গুদামে খাদ্যের বিতরণ আদেশ (Delivery Order-DO) জারী করবেন। বিতরণ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির চেয়ারম্যান/ নির্বাচিত মিলারকে প্রদান করবে।

**পদক্ষেপ ৫:** ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণার পর অন্তবর্তীকালীণ সময়ে কিংবা যে কোন ধরনের উদ্ভূত পরিস্থিতির কারণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা তার প্রতিনিধির অনুপস্থিতি কিংবা অপারগতার ক্ষেত্রে উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার) বিতরণ আদেশের (ডিও) পরিপ্রেক্ষিতে ইউপি প্রশাসনিক কর্মকর্তার সহযোগিতায় স্থানীয় খাদ্য গুদাম/মিলার হতে চাল/পুষ্টি চাল উত্তোলন/গ্রহণ করবে। উত্তোলনকারী/গ্রহণকারী ব্যক্তি চাল/পুষ্টি চালের পরিমাণ এবং গুণগতমান (যেমন আর্দ্রতা, ধূলাবালি, পোকামাকড়, মরা/নষ্ট/ভাঙ্গা শস্য এবং অন্য কোন ক্ষতিকারক উপাদান) পরীক্ষা-নিরীক্ষা করে বুঝে নেবেন। কোন ক্রমেই উল্লেখিত গুনগত মান অপেক্ষা নিম্ন মানের চাল সরবরাহ/বিতরণ করা যাবে না। যদি এর কোন ব্যত্যয় ঘটে তবে তাৎক্ষনিক বিতরণ কাজ স্থগিত রেখে উপজেলা ভিডব্লিউবি কমিটি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**পদক্ষেপ ৬:** স্থানীয় খাদ্য গুদাম/মিলার হতে নির্দিষ্ট তারিখে উত্তোলিত চাল/পুষ্টি চাল ইউনিয়ন পরিষদে পৌঁছানোর পর ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে প্রতি মাসের ১২-১৬ তারিখের মধ্যে (সরকারী ছুটির দিন ব্যতীত) সংশ্লিষ্ট উপকারভোগীদের

মধ্যে ৩০/৩০.৩০ কেজির নির্ধারিত বস্তায় খাদ্য (চাল/পুষ্টি চাল) নিম্নে উল্লিখিত সিডিউল অনুসরণপূর্বক নির্ধারিত তারিখে বিতরণ করবে:

| ওয়ার্ড নং | সময়সীমা |
|---|---|
| ১,২,৩ | সকাল-৮.৩০টা – ১১.০০টা |
| ৪,৫,৬ | সকাল-১১.০০টা – দুপুর ১.০০টা |
| ৭,৮,৯ | বিকাল-২.৩০টা – বিাল ৫.০০টা |

উল্লেখ্য যে, প্রতি ওয়ার্ডে ভিডব্লিউবি কার্ডসংখ্যার তারতম্যের ভিত্তিতে খাদ্য বিতরণের নির্ধারিত সময়সীমা কম/বেশী হতে পারে। প্রতি মাসে খাদ্য বিতরণের সময় নিম্নোক্ত ব্যক্তিবর্গ আবশ্যিকভাবে/ বাধ্যতামূলকভাবে সার্বক্ষণিক উপস্থিত থাকবে: (১) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির কমপক্ষে তিনজন সদস্য, (২) উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তা যিনি Transfer Assurance Guide (TAG) Officer/ ট্যাগ অফিসার, (৩) সংশ্লিষ্ট ভিডব্লিউবি NGO- এর একজন প্রতিনিধি। খাদ্য বিতরণ কার্যক্রমে উপস্থিত ট্যাগ অফিসারগণ খাদ্য বিতরণের মাস্টার রোলে স্বাক্ষর করবে।

**পদক্ষেপ ৭:** খাদ্য বিতরণের সময় ভিডব্লিউবি উপকারভোগীগণ তাদের নিজ নামের সঞ্চয়ী হিসেবে মাসিক সঞ্চয় ২২০/- টাকা ব্যাংকে জমা রেখেছেন কিনা তা পরীক্ষা করে দেখার জন্য চুক্তিবদ্ধ এনজিও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন। ইউপি চেয়ারম্যান/ প্রশাসনিক কর্মকর্তা ২২০/- (দুই শত বিশ) টাকা হারে সঞ্চয় জমার স্লীপ ও কার্ড অবশ্যই পরীক্ষা করে দেখবেন। খাদ্য বিতরণকৃত মাস পর্যন্ত সঞ্চয় ২২০/- হারে সঞ্চয় জমা হয়েছে কিনা নিশ্চিত হয়ে খাদ্য বিতরণ করবেন। এনজিও প্রতিনিধি/ ইউপি প্রশাসনিক কর্মকর্তা কার্ডে সঞ্চয়ের হিসাব নির্দিষ্ট মাসের ঘরে লিখতে সাহায্য করবেন।

**সাধারন চাল / পুষ্টিচাল বরাদ্দ ও বিতরণের পদক্ষেপসমূহ একটি ফ্লো-চার্টের মাধ্যমে প্রদর্শন করা হলো:**



### ৫.২ খাদ্য সংগ্রহ:

খাদ্য মন্ত্রণালয় কর্তৃক সংগৃহীত চাল (সিদ্ধ/আতপ চাল) ভিডব্লিউবি উপকারভোগীদের অনুকূলে বিতরণের লক্ষ্যে স্থানীয় খাদ্য গুদামসমূহে মজুদ রাখা হয়। খাদ্য মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য দেশ/বিদেশ থেকে চাল (সিদ্ধ/আতপ/কার্নেল) ক্রয় করে থাকে। পুষ্টিচাল বিতরণের জন্য সাধারণ চালের সাথে ৬ (ছয়)টি পুষ্টি উপাদান সমৃদ্ধ চাল/কার্নেল ১০০:১ অনুপাতে মিশ্রণ করা হয়। নিয়মিত পুষ্টিচাল বিতরণের লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয় ক্রয় নীতিমালা অনুযায়ী কার্নেল (৬টি পুষ্টি উপাদান সমৃদ্ধ চাল) দেশ/বিদেশ থেকে সংগ্রহ করবে।

### ৫.৩ খাদ্য বিতরণ:

**ক) সাধারণ চাল:**

১. খাদ্য বিতরণ প্রতি মাসের পূর্ব নির্ধারিত নির্দিষ্ট তারিখ অনুযায়ী সম্পন্ন করতে হবে। বিতরণ তারিখের কোন পরিবর্তন করতে চাইলে উপজেলা নির্বাহী অফিসারের লিখিত অনুমতি নিতে হবে। নির্দিষ্ট মাসের বিতরণ উক্ত মাসের মধ্যেই সম্পন্ন করতে হবে, নতুবা উক্ত মাসের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। যৌক্তিক কোন কারণে কোন মাসের খাদ্য বিতরণ সম্ভব না হয় সে ক্ষেত্রে উপজলো নির্বাহী অফিসার/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তরকে পত্ররে মাধ্যমে অবহতি করবনে। মহিলা বিষয়ক অধিদপ্তর প্রশাসনকি মন্ত্রণালয়রে অনুমোদনক্রমে ঐ মাসরে খাদ্য বিতরনে অনুমতি প্রদান করবেন। দুইটি বিতরণের মধ্যবর্তী সময়ের মধ্যে পার্থক্য যেন এক মাসের বেশি না হয় সেভাবে পরিকল্পনা করতে হবে।

২. ভিডব্লিউবি উপকারভোগীরা ২৪ মাসব্যাপী চক্রে প্রতি মাসে ৩০ (ত্রিশ) কিলোগ্রাম করে প্যাকেটজাত চাল/৩০.৩০ কিলোগ্রাম পুষ্টিচাল পাবে। প্রতিটি ভিডব্লিউবি উপকারভোগী তার বরাদ্দ অনুযায়ী প্যাকেটজাত চাল পান বিষয়টি ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট ট্যাগ অফিসার নিশ্চিত করবেন। এক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে ট্যাগ অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটিকে অবহিত করে প্রতিকারের ব্যবস্থা করবে।

৩. প্রত্যেক মাসের খাদ্য বিতরণ শেষে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যান স্বাক্ষরিত খাদ্য বিতরনের মাষ্টাররোল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রেরণ করবে।

৪. সরকার প্রত্যাশা করে যে, ভিডব্লিউবি উপকারভোগী যেন তার প্রাপ্য খাদ্যশস্য সঠিক পরিমাপে বুঝে নিতে পারে। খাদ্যের সঠিক প্রাপ্তি ভবিষ্যতে সম্পদের যোগান নিশ্চিত করবে। সরকারী পর্যবেক্ষণ অনুযায়ী খাদ্যের ব্যবস্থাপনা ও ব্যবহার যথোপযুক্ত না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। খাদ্যের অপব্যবহারের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার উক্ত কর্মসূচির খাদ্য বরাদ্দ বাতিল/ স্থগিত করবে।

৫. প্রত্যেক উপকারভোগীকে স্বশরীরে বিতরণ কেন্দ্রে উপস্থিত হয়ে চাল/ পুষ্টিচাল গ্রহণ করতে হবে। কোন সুনির্দিষ্ট কারণ ব্যতীত একটানা ০৩ মাস পর্যন্ত অনুপস্থিতির কারণে উপজেলা কমিটির সিদ্ধান্তক্রমে কার্ড বাতিল করা যাবে। তবে পাহাড়ী, চর ও হাওড় এলাকার ক্ষেত্রে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদশনপূর্বক পরিবারের অন্য কোন সদস্যকে চাল প্রদান করা যেতে পারে।

৬. ভিডব্লিউবি খাদ্যপণ্যের নিরাপদ গুদামজাতকরণ, সহজে পরিবহনযোগ্য এবং ভিডব্লিউবি উপকারভোগীদের বাড়ির কাছাকাছি ইত্যাদি বিষয় বিবেচনায় রেখে ইউপি কেন্দ্র হতে বিতরণ এলাকা পরিবর্তন করা যেতে পারে। তবে এক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার লিখিত অনুমোদন প্রয়োজন হবে। শিশু জন্মদানের কারণে অথবা মারাত্মক অসুস্থতার কারণে কোন ভিডব্লিউবি উপকারভোগী অনুর্দ্ধ ছয় মাসের জন্য তার চাল/ পুষ্টিচাল সংগ্রহের উদ্দেশ্যে পরিবারের একজন সদস্যকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুমতি সাপেক্ষে প্রেরণ করতে পারবেন। এ বিষয়ে একটানা ৬ মাসের বেশি অনুপস্থিতির ক্ষেত্রে উপজেলা কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত উপকারভোগীর কার্ড বহাল কিংবা বাতিল করা যাবে।

৭. দুর্ঘটনাজনিত কারণে খাদ্য নষ্ট হলে বা হারানো গেলে উপজলো ভিডব্লিউবি কমিটি ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে দুর্ঘটনার কারণ অনুসন্ধানর্পূবক তদন্ত প্রতবিদেন মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করবেন। তবে উল্লখে

থাকে যে, তদন্ত প্রতিবেদনে যদি ইউপি চেয়ারম্যান/ ইউপি প্রশাসনিক কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অবহলোর কারণে দুর্ঘটনার প্রমাণ পাওয়া যায় সে ক্ষেত্রে উপজেলা ভিডব্লিউবি কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

**খ) পুষ্টিচাল:**

বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রাণালয় ভিডব্লিউবি কর্মসূচির উপকারভোগীর পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে পুষ্টিচাল বিতরণের প্রচলন শুরু করেছে যা ধাপে ধাপে সম্প্রসারণ করতঃ ভিডব্লিউবি কার্যক্রমের আওতাভূক্ত হচ্ছে। পুষ্টিচাল হলো সাধারণ চালের সাথে ছয়টি ভিটামিন (ভিটামিন এ, বি১, বি১২, আয়রন, ফলিক এসিড ও জিংক) সমৃদ্ধ চালের (কার্নেল) মিশ্রন। এতে পরিবার সমূহের মহিলা, শিশু ও বয়স্কদের অপুষ্টির পরিমান কমে আসবে। পুষ্টি চালের জন্য নির্ধারিত উপজেলাগুলোতে ভিডব্লিউবি উপকারভোগীরা ২৪ মাসব্যাপী চক্রে প্রতি মাসে ৩০.৩০০ কি: গ্রাম করে পুষ্টি চাল পাবে। ইউপি চেয়ারম্যান, সংশ্লিষ্ট মিলার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নিশ্চিত করবেন যেন প্রত্যেক উপকারভোগী তার বরাদ্দ অনুযায়ী ৩০.৩০০ কি: গ্রাম প্যাকেটজাত পুষ্টিচাল বুঝে পান।

**গ. পুষ্টিচাল সংক্রান্ত কমিটি:**

পুষ্টিচাল মিশ্রণ মিল ভেলিডেশন এর জন্য খাদ্য অধিদপ্তর কর্তৃক গঠিত ৪ (চার) সদস্য বিশিষ্ট জেলা কমিটির মাধ্যমে মিশ্রণ মিল পরিদর্শন করে মিল এর ভেলিডেশন রিপোর্ট প্রদান করবেন। কমিটির গঠন নিম্নরূপ:

১) জেলা খাদ্য নিয়ন্ত্রক (খাদ্য অধিদপ্তর)
২) উপপরিচালক (মহিলা বিষয়ক অধিদপ্তর)
৩) প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি
৪) প্রতিনিধি, নিউট্রিশন ইন্টারন্যাশনাল (এনআই)

এছাড়া মিশ্রণ মিল এবং পুষ্টিচাল মিশ্রণ এর সঠিকতা যাচাই এর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অথবা তাদের প্রতিনিধি কর্তৃক নির্ধারিত ছকে (সংযুক্ত) পুষ্টিচাল মিশ্রণ পদ্ধতি পরিদর্শন ও পর্যবেক্ষণ রিপোর্ট প্রদান করবে। তাদের যৌথ স্বাক্ষরিত রিপোর্ট ছাড়া কোনভাবেই পুষ্টিচাল বিতরণ করা যাবে না। উল্লেখ্য যে, এই যৌথ স্বাক্ষরিত পরিদর্শন চেকলিষ্ট ব্যতীত মিলারগণ কোন বিল উত্তোলন করতে পারবে না মর্মে খাদ্য অধিদপ্তরের পুষ্টিচাল বিষয়ক নির্দেশিকায় উল্লেখ করা আছে।

**ঘ. সরকারী আদেশ/বরাদ্দ আদেশ:**

- চুক্তিবদ্ধ কার্নেল মিশ্রণ মিলসমূহের বিষয়ে খাদ্য অধিদপ্তর মহিলা বিষয়ক অধিদপ্তর কে অবহিত করবে। এ ক্ষেত্রে খাদ্য অধিদপ্তর টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে উপজেলাওয়ারী চুক্তিবদ্ধ মিশ্রণ মিলারের তালিকার সাথে প্রতিটি উপজেলার জন্য নির্ধারিত পরিবহন ব্যয়, কার্নেল ক্রয় ব্যয় ও কার্নেল মিশ্রণ ব্যয়ের পুর্ণাঙ্গ হিসাব মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ে প্রেরণ করবে। প্রতি অর্থবছর শেষে মহিলা বিষয়ক অধিদপ্তর খাদ্য অধিদপ্তর হতে পুষ্টিচালের জন্য ব্যয়িত অর্থের হিসাব (কার্নেল ক্রয় ও কার্নেল মিশ্রণ ব্যয়, পরিবহন ব্যয়) প্রাপ্তি সাপেক্ষে বুক এ্যাডজাষ্টমেন্টের মাধ্যমে পরিশোধ করবে।
- যেসকল উপজেলায় উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমের ব্যবস্থা নেয়া হবে, সেসকল অঞ্চলের জন্য পুষ্টিচালের কার্নেল ক্রয় এবং মিশ্রণ মিল নির্বাচনের দায়িত্ব বিশ্ব খাদ্য কর্মসূচি পালন করবে।
- উক্ত উপজেলাসমূহের মানদন্ড অনুযায়ী পুষ্টিচালের মান বিশ্ব খাদ্য কর্মসূচি নিশ্চিত করবে।
- খাদ্য অধিদপ্তর ও বিশ্ব খাদ্য কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরকে নির্বাচিত কার্নেল মিশ্রণ মিলসমূহের ব্যাপারে অবগত করবে।

**ঙ. বিতরণের জন্য প্রয়োজনীয় চালের বরাদ্দ ও পরিবহন :**

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পুষ্টিচালের জন্য নির্বাচিত মিশ্রণ মিলের নামে বরাদ্দ ও পরিবহন ব্যয়ের সংস্থান করবে।
- মহিলা বিষয়ক অধিদপ্তর খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্বাচিত মিশ্রণ মিলের মিলারদের অনুকূলে বরাদ্দ আদেশ (AO) জারী করবে যেন তারা এলএসডি গোডাউনসমূহ হতে মাসিকভিত্তিতে চাল উত্তোলন করতে পারে। বরাদ্দ পত্রে মিশ্রণ মিলসমূহের পরিবহন খরচ, মিশ্রণ খরচ এবং প্যাকেটজাত করার খরচ অন্তর্ভুক্ত থাকবে।
- সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) অনুমোদনক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পুষ্টিচালের চাহিদাপত্র (DO) জারি করবেন, যাতে মিশ্রণ মিলসমূহ বরাদ্দ আদেশ (AO) অনুযায়ী এলএসডি থেকে চাল উত্তোলন করতে পারে।
- একই জেলার কোন উপজেলা পর্যায়ে অবস্থিত একটি মিশ্রণ মিল যদি সেই জেলায় একাধিক উপজেলার উপকারভোগীর পুষ্টি চাল সরবরাহের জন্য চুক্তিবদ্ধ হয়ে থাকে, সে ক্ষেত্রে মিশ্রণ মিলটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার স্থানীয় খাদ্য গুদাম (এলএসডি) হতেই সব কয়টি উপজেলার জন্য বরাদ্দকৃত চাল উত্তোলনের জন্য মিশ্রণ মিলের অনুকূলে DO আদেশ দেয়া যেতে পারে। (সে ক্ষেত্রে AO'র শর্তাবলীতে উল্লেখ থাকতে হবে।)
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সরবরাহ আদেশ (Delivery Order) জারি করবেন।
- চুক্তিপত্র এবং ডেলিভারী আদেশ অনুযায়ী মিশ্রণ মিল এলএসডি হতে চাল উত্তোলন করবে, মিশ্রণ ও প্যাকেজিং কাজ সম্পন্ন করবে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর প্রয়োজনীয় তদারকি/পরীক্ষা-নিরীক্ষার জন্য অনুরোধ জানাবে।
- সাধারণ চালের সাথে কার্নেল মিশ্রণ সম্পন্ন হবার পর এবং তদারকির পর মিশ্রণ মিলসমূহ বরাদ্দ আদেশ (AO) অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসমূহে পুষ্টিচাল সরবরাহ করবে।

**চ. অবহিতকরণ / পরিচিতি :**

- চক্র শুরুর প্রথমার্ধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ এনজিও প্রতিনিধি ভিডব্লিউবি উপকারভোগীদের জন্য অবহিতকরণ/পরিচিতি অধিবেশনের ব্যবস্থা করবেন, যাতে তারা পুষ্টিচালের পরিচিতি এবং সুফল সম্পর্কে সচেতন হয়। পুষ্টিচাল খাওয়ার সুফল ছাড়াও এই অবহিতকরণের মাধ্যমে তারা পুষ্টিচাল সঠিকভাবে সংরক্ষণ ও রন্ধনের পদ্ধতি সম্পর্কে অবগত হবেন, যাতে এই চাল ব্যবহারের সর্বোচ্চ সুফল তারা পেতে পারেন।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় পুষ্টি সার্ভিস/জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান এবং বিশ্ব খাদ্য কর্মসূচির সহযোগিতা নিয়ে পুষ্টিচাল বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষক প্রশিক্ষণের আয়োজন করবে।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রশিক্ষণ সামগ্রীসমূহ সংরক্ষিত থাকবে, যা ব্যবহার করে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- উপরোক্ত প্রশিক্ষণের পর সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী ব্যবহার করে রন্ধনপ্রণালী এবং পুষ্টিচাল সংরক্ষণ বিষয়ক পরবর্তী প্রশিক্ষণসমূহ পরিচালনা করবে। প্রশিক্ষণকে আরো গ্রহণযোগ্য/কার্যকর করার জন্য দায়িত্বপ্রাপ্ত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যথাযথ প্রশিক্ষণ পদ্ধতি ও সামগ্রী ব্যবহার করবে এবং কারিগরি প্রশিক্ষণ এর ব্যবস্থা করবে।
- মিলার কর্তৃক মিশ্রিত পুষ্টিচালে ১০০:১ অনুপাত অনুযায়ী চাল মিশ্রণ না হলে তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা তদারকির মাধ্যমে প্রাপ্ত ফলাফল উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন।
- উপজেলা পর্যায়ে উপরোক্ত কর্মকর্তাগণ প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখবেন এবং প্রয়োজন মনে করলে মিশ্রণ মিল মালিককে সংশোধনমূলক ব্যবস্থা নেয়ার নির্দেশ দেবেন। ত্রুটিপূর্ণ মিশ্রিত চাল কোনক্রমে বিতরণ করা যাবে না।

- পুষ্টিচালের মান সংরক্ষণ, পরিবহন এবং বিতরণ প্রক্রিয়া মনিটরিং করা অত্যন্ত জরুরী। এ কারণে জেলা ও উপজেলা পর্যায়ের মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নিয়মিত চাল মিশ্রণ মিল পরিদর্শন করবেন।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর ও বিশ্ব খাদ্য কর্মসূচির কর্মকর্তাগণ খাদ্য বিতরণ কেন্দ্র, মিশ্রণ মিল ও এলএসডি পূর্বে অবগত না করে দৈবচয়ন পরিদর্শন করবেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুসরণীয় বিষয়াদি জানাবেন। কোন অবস্থায় পুষ্টিচাল মিশ্রন অনুপাত ১০০:১, ১০% বেশী হলে পুষ্টিচাল গ্রহণ করা যাবে না।

**ছ. পুষ্টিচাল সংরক্ষণ প্রক্রিয়া :**

- পুষ্টিচালে মিশ্রিত ভিটামিন ও খনিজ লবন সমূহের উপর তাপ, পানি ও জলীয় বাষ্পের বিরূপ প্রভাব পড়ে। তাই ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ব্যক্তিগণ পুষ্টিচালের বস্তা গ্রহণ করার সময় অবশ্যই লক্ষ্য রাখবেন যে ছেঁড়া, ফাটা বা পানিতে ভেজা কোন বস্তা যাতে গৃহীত না হয়। সরবরাহের পর এবং বিতরণের পূর্ব পর্যন্ত পুষ্টিচালের বস্তাসমূহ সরাসরি সূর্যের আলোয় ফেলে রাখা যাবে না। ফ্লোর থেকে একটু উপরে কাঠের মাচায় পুষ্টিচালের বস্তা রাখার ব্যবস্থা করতে হবে।

### ৫.৪ পরিবহন এবং আনুষাঙ্গিক ব্যয়:

**ক. পরিবহন ব্যয়:**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহিলা বিষয়ক অধিদপ্তরকে প্রয়োজনীয় পরিবহন খরচ ও আনুষঙ্গিক ব্যয় বরাদ্দ দিয়ে থাকে। মহিলা বিষয়ক অধিদপ্তর এই অর্থ বরাদ্দপত্রের (Allotment Order-AO) মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বরাদ্দ দিবে। উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সংশ্লিষ্ট ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির চেয়ারম্যানদের অনুকূলে উপ-বরাদ্দ দিবেন।

স্থানীয় খাদ্যগুদাম হতে বিতরণ কেন্দ্রের দূরত্বের উপর ভিত্তি করে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির চেয়ারম্যানের অনুকূলে প্রতি মাসে পরিবহন খরচের অর্থ বরাদ্দ করা হবে। সমতল, হাওড় ও পার্বত্য চট্রগ্রাম এলাকার জন্য বরাদ্দকৃত পরিবহন খরচের হিসাব নিম্নে দেয়া হলো: (তবে বাজার মূল্যের উপর ভিত্তি করে প্রতি চক্রে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ১০% হারে পরিবহন ব্যয় বৃদ্ধি করা যাবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

| দূরত্ব | পরিবহন খরচ (টাকা/মেট্রিক টন) |
|---|---|
| **১. সমতল এলাকার জন্য:** | |
| (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত | ৬০০/- |
| (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত | ৭০০/- |
| (গ) ২১ কিঃ মিঃ এবং তদুর্ধ্ব | ৭৫০/- |
| **২. হাওড় এলাকার জন্য:** | |
| (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত | ৭৫০/- |
| (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত | ৮৫০/- |
| (গ) ২১ কিঃ মিঃ এর উর্ধ্ব হতে | ৯৫০/- |
| **৩. রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবন পার্বত্য জেলার জন্য:** | |
| (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত | ৮৫০/- |
| (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত | ৯০০/- |
| (গ) ২১ কিঃ মিঃ এর উর্ধ্ব হতে | ১০০০/- |

**বি: দ্র:** খাদ্য উঠানো-নামানো ও স্থানান্তর ব্যয় উক্ত পরিবহন ব্যয় হতে মিটানো হবে।

পরিবহন খরচের অর্থ ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সভাপতির অনুকূলে চেকের মাধ্যমে প্রতি মাসে পরিশোধ করতে হবে। নগদে এ অর্থ পরিশোধ করা যাবে না। নির্দিষ্ট মাসের খাদ্যের চাহিদাপত্র (Demand Order-DO) অনুযায়ী ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সভাপতি/সদস্য-সচিব পরিবহন খাতের প্রকৃত খরচ উপজেলা থেকে উক্ত মাসের মধ্যে গ্রহণ করবে। এক্ষেত্রে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে খাদ্য বরাদ্দের সরবরাহ আদেশের সাথে পরিবহন ব্যয়ের হিসাব পেশ করবেন। পূর্ববর্তী মাসের পরিবহন ব্যয়ের মূল ভাউচার পরবর্তী মাসের খাদ্য ও পরিবহন বরাদ্দের চাহিদাপত্র গ্রহণের সময় জমা দেবেন।

**খ. আনুষঙ্গিক খরচের তহবিল:**

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহিলা বিষয়ক অধিদপ্তরকে ভিডব্লিউবি কার্যক্রমের জন্য প্রয়োজনীয় আনুষঙ্গিক/অন্যান্য মনিহারী খাত হতে অর্থ বরাদ্দ দিয়ে থাকে। আনুষঙ্গিক/ অন্যান্য মনিহারী খাতের অর্থ উপকারভোগী নির্বাচন সংক্রান্ত প্রচার, সাইন বোর্ড, ব্যানার, স্টেশনারী এবং ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির অন্যান্য খরচ মেটানোর জন্য ব্যবহার করা হয়।
- ভিডব্লিউবি কার্যক্রম ২৪ মাস (২ বছর) । প্রতি দুই বছর পর পর উপকারভোগী নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যায় থেকে শুরু করে ইউনিয়ন পর্যন্ত সচেতনতা তৈরীসহ বিভিন্ন সভা এবং কাজ করতে হয় যার আনুষঙ্গিক খরচ মিটানোর জন্য প্রতি অর্থবছরে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা জরুরী।

## ৬. পরিবীক্ষণ ও প্রতিবেদন:

### ৬.১ পরিবীক্ষণ:

- পরিবীক্ষণ বা মনিটরিং একটি চলমান প্রক্রিয়া। মনিটরিং এর মাধ্যমে চলমান কার্যক্রমের তথ্য সংগ্রহ করা, এনালাইসিস করা এবং সেই তথ্য ব্যবহার করে কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে সহায়তা করা হয়। অর্থাৎ মনিটরিং হচ্ছে ম্যানেজমেন্ট টুলস; যার মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের কোন প্রকার সমস্যা বা ব্যত্যয় দেখা দিলে অতি দ্রুত সময়ে তা সমাধান করা সম্ভব হয়। যে কোন কার্যক্রম বাস্তবায়নে পরিবীক্ষণ বা মনিটরিং এর গুরুত্ব অপরিসীম।
- ভিডব্লিউবি কার্যক্রম পরিবীক্ষণ/মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ ও কেন্দ্রীয় পর্যায়ে ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন কমিটি ও ভিডব্লিউবি প্রোগ্রাম সাপোর্ট ইউনিট জড়িত। ভিডব্লিউবি উপকারভোগীদের জন্য বরাদ্দকৃত নির্ধারিত পরিমাণ খাদ্য, প্রশিক্ষণ সেবা উপকারভোগীরা যথাসময়ে পাচ্ছে কিনা, সঞ্চয়ের অর্থ নিয়মিত জমা ও উত্তোলন হচ্ছে কিনা এ সমস্ত বিষয়গুলো যাচাই করে দেখার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তারা নিয়মিতভাবে মাঠ পর্যায়ে ভিডব্লিউবি কার্যক্রম পরিদর্শন করবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। এছাড়াও উক্ত কর্মকর্তাগণ উপকারভোগীদের আয়বদ্ধক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং প্রয়োজনবোধে উন্নয়ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ সেবাসমূহের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ভিডব্লিউবি কার্যক্রম ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। উপজেলা ভিডব্লিউবি কমিটির সদস্য-সচিব হিসেবে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে কমিটিকে নিয়মিত অবহিত করবেন এবং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।
- খাদ্য বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর প্রতি মাসে কমপক্ষে দুইটি খাদ্য বিতরণ ও প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করবেন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রতি মাসে কমপক্ষে চারটি খাদ্য বিতরণ ও প্রশিক্ষণ পরিদর্শন করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ পরিদর্শনের জন্য সংযোজনী ছক- ২.৪ ও ২.৬ (উপজেলা) ও ২.৭ ও ২.৯ (জেলা) ব্যবহার করবেন।

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রতি তিন মাসে প্রশিক্ষণ পরিদর্শনের উপর সংযোজনী ছক ২.৬ অনুযায়ী একটি প্রতিবেদন তৈরী করবেন যা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পারফরমেন্স মূল্যায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রণীত পরিবীক্ষণও একইভাবে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পারফরমেন্স মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।
- কেন্দ্রীয় পর্যায়ে ভিডব্লিউবি শাখা প্রতিবছর কমপক্ষে ১২টি ফিল্ড মনিটরিং/ ভিজিট করবেন। এই ভিজিটের মাধ্যমে ভিডব্লিউবি কার্যক্রমের চাল বিতরণ, প্রশিক্ষণ, সঞ্চয় ব্যবস্থাপনাসহ সকল বিষয় দেখবেন। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সংযুক্ত সংশ্লিষ্ট ছক- অনুযায়ী ভিডব্লিউবি কার্যক্রম পরিদর্শন করবেন। ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়নে কেন্দ্রীয় পর্যায়ের সকল কমিটি কর্তৃক নিয়মিত ভিডব্লিউবি কার্যক্রম মনিটর করবেন। সেন্ট্রাল কোঅর্ডিনেশন কমিটি (সিসিসি), পারফরমেন্স ম্যানেজমেন্ট কমিটি (পিএমসি) সম্পৃক্ত থাকবেন। কমিটি মনিটরিং এর মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নে যে কোন পরিবর্তন বা পরিমার্জন প্রয়োজন হলে তার ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সংযুক্ত সংশ্লিষ্ট ছক অনুযায়ী ভিডব্লিউবি কার্যক্রম পরিদর্শন করবেন। ভিডব্লিউবি শাখা প্রতি তিন মাস অন্তর কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন কার্যক্রম বাস্তবায়ন কমিটিতে উপস্থাপন করবেন। এ ছাড়াও ত্রৈমাসিক ভিত্তিতে জেলা পর্যায়ে ভিডব্লিউবি প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়নে ভিডব্লিউবি শাখা জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে সহযোগিতা করবে।
- কার্যক্রমের সামগ্রিক বাস্তবায়ন এবং পরিবীক্ষণে বিশ্ব খাদ্য কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরকে কারিগরি সহায়তা প্রদান করবে। এক্ষেত্রে বিশ্ব খাদ্য কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি শাখাকে শক্তিশালীকরণে সহায়তা প্রদান করবে। কর্মসূচি বাস্তবায়নে পরিবীক্ষণ, মূল্যায়ন, প্রতিবেদন, টার্গেটিং এবং উন্নয়ন সেবা ব্যবস্থাপনা ও মনিটরিং এর ক্ষেত্রে বিশ্ব খাদ্য কর্মসূচি কেন্দ্রীয় পর্যায়ে ও জেলা/ উপজেলা কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদান করবে। সকল পর্যায়ে তথ্য সংরক্ষণ, কার্যক্রম পর্যালোচনা ও বিশ্লেষণের কৌশল নির্ধারণের ক্ষেত্রেও সহায়তা করবে।
- এছাড়া ভিডব্লিউবি কার্যক্রমের ব্যবস্থাপনায় পরিবর্তন আনায়নে www.dwavgd.gov.bd শিরোনামে প্রস্তুতকৃত ওয়েব বেইজড এ্যাপ্লিকেশন সফটওয়ার রক্ষণাবেক্ষণে বিশ্বখাদ্য কর্মসূচি সময় সময় আপডেট করতে কারিগরি সহায়তা প্রদান করবে।

**৬.২ প্রতিবেদন:**

- প্রতিবেদন হচ্ছে কোন নির্দিষ্ট সময়ের কাজের অগ্রগতির সামগ্রিক তথ্য নির্দিষ্ট ছকে বা বর্ণনা আকারে উপস্থাপন করা। প্রতিবেদন মূলতঃ পরিবীক্ষণের তথ্য উপাত্তের উপর ভিত্তি করে তৈরী হয় যা কার্যক্রমের ব্যবস্থাপনাকে নতুন পরিকল্পনা করতে সহায়তা করে।
- কার্যক্রমের যথাযথ ব্যবস্থাপনা, কর্মকৌশল এবং পরিকল্পনা প্রণয়নের জন্য উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হলে ব্যবস্থাপকদের কাছে সময়মত সঠিক প্রতিবেদন প্রাপ্তি খুবই গুরুত্বপূর্ণ। কার্যক্রম বাস্তবায়নের জন্য নিয়মতান্ত্রিকভাবে পরিবীক্ষণ এবং সঠিক প্রতিবেদন প্রাপ্তির প্রয়োজনীয়তা নিশ্চিত করার জন্য বাস্তবায়ন নির্দেশিকা এবং এর সাথে সংযোজিত ফরমেট/ছকসমূহ ভিডব্লিউবি কার্যক্রমের জন্য ব্যবহার করতে হবে। কার্যক্রমের নিয়মিত অগ্রগতি পর্যালোচনা নিশ্চিত করার জন্য মাসিক অগ্রগতি প্রতিবেদন, ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এবং চক্র সমাপ্তি প্রতিবেদন ব্যবহার করা হবে।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি শাখা কর্তৃক একটি ওয়েববেইজড সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপাত্তসমূহ এই সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সংরক্ষিত হবে। যেখানে এলাকাভিত্তিক তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া যাবে/প্রদর্শিত হবে।

- উপরোক্ত পরিবীক্ষণ ও প্রতিবেদন সংক্রান্ত কার্যক্রম www.dwavgd.gov.bd শিরোনামে প্রস্তুতকৃত এমআইএস এর মাধ্যমে অনলাইনে সম্পাদন করতে হবে।

**৬.২.১ খাদ্য বিতরণের মাসিক প্রতিবেদন:**

ইউনিয়ন পরিষদ প্রতিমাসের খাদ্য বিতরণের প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে সংযোজনী ছক ২.১ অনুযায়ী www.dwavgd.gov.bd শীর্ষক ওয়েব পেইজ সফটওয়ার ব্যবহার করে খাদ্য বিতরণের তথ্য প্রদান নিশ্চিত করবে, যা প্রতিবেদন হিসেবে গণ্য হবে। নির্দিষ্ট তারিখে প্রতিবেদন না দেওয়ার কারণে খাদ্য বিতরণে কোন জটিলতা সৃষ্টি হলে উপজেলা ভিডব্লিউবি কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৬.২.২ সঞ্চয় ও প্রশিক্ষণের মাসিক প্রতিবেদন:**

সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মাসিক প্রোগ্রাম বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে সংযোজনী ছক ২.২ ও ২.৩ অনুযায়ী ভিডব্লিউবি ওয়েব বেইজড সফটওয়ার ব্যবহার করে মাসিক সঞ্চয়ের তথ্য প্রদান নিশ্চিত করবেন, যা মাসিক প্রতিবেদন হিসেবে গন্য হবে। প্রতি মাসে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিকল্পনা অনুযায়ী জীবন দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান হয়, এতথ্য প্রতিবেদনে প্রদান করতে হবে।

**৬.২.৩ সফটওয়ারে ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের গুরুত্ব:**

উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে খাদ্য বিতরণ এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ ও সঞ্চয়ের মাসিক প্রতিবেদন সফটওয়ারে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। ফলে জেলা ও উপজেলা কর্মকর্তা কর্তৃক নতুন করে প্রতিবেদন তৈরী ও প্রেরণের প্রয়োজন নেই। জেলা ও উপজেলা কর্মকর্তাগণ তাদের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন সংরক্ষণ করার ক্ষেত্রে ওয়েব বেইজড সফটওয়ারটি সার্বক্ষণিক মনিটর করবেন, যাতে সময়মত ইউপি কেন্দ্র হতে খাদ্য, সঞ্চয় ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রমের তথ্য আপডেট হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরের (কেন্দ্রীয় পর্যায়ে) পক্ষে চূড়ান্ত প্রতিবেদন সময়মত পেশ করা তখনই সম্ভব যখন সকল পর্যায় থেকে (ইউনিয়ন, উপজেলা ও জেলা) প্রতিবেদন সময়মত আপলোড করবে। যে কোন পর্যায় থেকে দেরিতে তথ্য সফটওয়ারে আপলোড করলে সামগ্রিক প্রক্রিয়ার উপর তার নেতিবাচক প্রভাব পড়বে। এই সকল প্রতিবেদনের উপর নির্ভর করবে কার্যক্রমের সফলতা/ব্যর্থতা। সুতরাং প্রতিটি পর্যায় থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সময়মত প্রতিবেদন প্রস্তুত করতঃ দাখিল করা অতীব গুরুত্বপূর্ণ।

**৬.২.৪ ঘ) প্রশিক্ষণ সিডিউল (ত্রৈমাসিক):**

সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (ভিডব্লিউবি এনজিও) প্রতি তিন মাস পর পর ওয়েব বেইজড সফটওয়ারে প্রশিক্ষণ সিডিউল সংযুক্ত সংশ্লিষ্ট ছক অনুযায়ী পূরণ করে দাখিল করবেন। সিডিউলে প্রশিক্ষণের তারিখ, প্রশিক্ষণের স্থান, কোন মডিউলের কোন বিষয়ে প্রশিক্ষণ হবে তা উল্লেখ থাকবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেই সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করবেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এই সিডিউলটি জেলা ও মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়ে প্রেরণ করবেন। উপপরিচালক মহিলা বিষয়ক কর্মকর্তা প্রাপ্ত সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করবেন।

**৬.২.৫ ভিডব্লিউবি চক্র সমাপ্তি প্রতিবেদন:**

ভিডব্লিউবি চক্র সমাপ্তির এক মাস পূর্বে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সংযুক্ত সংশ্লিষ্ট ছক ২.৬ অনুযায়ী সমাপ্তি প্রতিবেদন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট জমা দিবেন। যদি সমাপ্তি প্রতিবেদনের ছকের অতিরিক্ত কোন তথ্য প্রদান প্রয়োজন হয় তবে তা মূল্যায়ন ছক আকারে প্রদান করবে।

**৬.২.৬ মহিলা বিষয়ক অধিদপ্তর (কেন্দ্রীয় পর্যায়):**

মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায় থেকে প্রাপ্ত সকল প্রতিবেদন স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত তথ্য প্রয়োজন অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রতি ৬ (ছয়) মাসে একবার ভিডব্লিউবি প্রোগ্রাম সাপোর্ট ইউনিট একটি সভার মাধ্যমে কার্যক্রমের অগ্রগতি/প্রতিবেদন উপস্থাপন করবে।

**৬.২.৭ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়:**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য/প্রতিবেদন কার্যক্রম বাস্তবায়ন কমিটি ও ষ্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করে হালনাগাদ অর্জন বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের চাহিদা অনুযায়ী প্রেরণ করবে।

**৬.৩ ভিডব্লিউবি কার্যক্রমের তথ্য প্রবাহ/ Joint monitoring flowchart:**



### ৬.৪ ভিডব্লিউবি কার্যক্রম মনিটরিং ম্যাট্রিক্স:

<table>
<tr><th>স্তর/ পর্যায়</th><th>ইউনিট/কমিটি/টিম</th><th>মনিটরিং এর বিষয়/ক্ষেত্র</th><th>মনিটরিং প্রক্রিয়া</th><th>মনিটরিং এর সংখ্যা (ঘনত্ব)</th><th>মনিটরিং এর ফাইন্ডিংস ও তথ্যের ব্যবহার</th><th>পরিদর্শন টুলস (সংযুক্ত করুন)</th></tr>
<tr><td rowspan="4">কেন্দ্রীয় (মন্ত্রণালয়/ অধিদপ্তর/ দাতা সংস্থা)</td><td>কেন্দ্রীয় সমন্বয় কমিটি (CCC) (আন্তঃমন্ত্রণালয় টিম)</td><td>• সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (ভিডব্লিউবি এনজিও) এর কর্মসূচি ও ব্যবস্থাপনা,<br>• জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ের VWB কমিটির কার্যকারিতা,<br>• উপকারভোগী নির্বাচন</td><td>• সাক্ষাৎকার (DD, PO, UWAO এবং NGO),<br>• ডকুমেন্ট রিভিউ,<br>• FGD (ফোকাস গ্রুপ আলোচনা)</td><td>বছরে অন্তত ১ বার ২ জেলা পরিদর্শন করবে (একটি সফরে VWBP-এর ৪টি ভিন্ন উপজেলা কভার করবে) (ডব্লিউএফপি'র কান্ট্রি অফিস/ মাঠ পর্যায়ের সাথে সমন্বয় করে যৌথ পরিদর্শন করা যেতে পারে)</td><td>• কেন্দ্রীয় সমন্বয় সভায় ফলাফল উপস্থাপন;<br>• প্রয়োজনে VWB কর্মপরিকল্পনা বা বাস্তবায়ন নির্দেশিকায় পরিবর্তনের সুপারিশ প্রদান</td><td></td></tr>
<tr><td>পারফরমেন্স ম্যানেজমেন্ট কমিটি (PMC)</td><td>• সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের (ভিডব্লিউবি এনজিও) কর্মসূচি ও ব্যবস্থাপনা,<br>• জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ের VWB কমিটির কার্যকারিতা,<br>• উপকারভোগী নির্বাচন</td><td>• সাক্ষাৎকার (DD, PO, UWAO এবং NGO),<br>• ডকুমেন্ট রিভিউ,<br>• FGD (ফোকাস গ্রুপ আলোচনা)</td><td>বছরে অন্তত ১ বার ২ জেলা পরিদর্শন করবে (একটি সফরে VWBP-এর ৪টি ভিন্ন উপজেলা কভার করবে) (ডব্লিউএফপি'র কান্ট্রি অফিস/ মাঠ পর্যায়ের সাথে সমন্বয় করে যৌথ পরিদর্শন করা যেতে পারে)</td><td>• কেন্দ্রীয় সমন্বয় সভায় ফলাফল উপস্থাপন;<br>• প্রয়োজনে VWB কার্যপরিকল্পনা বা বাস্তবায়ন পরিকল্পনায় পরিবর্তনের সুপারিশ প্রদান</td><td></td></tr>
<tr><td>VWB ইউনিট</td><td>• সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের (ভিডব্লিউবি এনজিও) কর্মসূচি ও ব্যবস্থাপনা,<br>• খাদ্য বিতরণ,<br>• প্রকল্প বাস্তবায়নের মান নিশ্চিতকরণ</td><td>• পরিমাণগত ও গুণগত,<br>• ডকুমেন্ট রিভিউ,<br>• সাক্ষাৎকার,<br>• পর্যবেক্ষণ</td><td>বছরে ১২ বার পরিদর্শন (তন্মধ্যে কিছু পরিদর্শন ডব্লিউএফপি'র কান্ট্রি অফিস এবং মাঠ পর্যায়ের সাথে সমন্বয় করে যৌথ পরিদর্শন করা যেতে পারে)</td><td>• মাসিক সভায় আলোচনা ও উপস্থাপন;<br>• VWB-এর সকল মনিটরিং ফাইন্ডিংস একত্রিতকরণ;<br>• নির্বাহী সভায় আলোচনা ও বাস্তবায়নে সমন্বয় সাধন;<br>• ফলো-আপ কর্ম-পরিকল্পনা প্রস্তুত</td><td></td></tr>
<tr><td>VWB ইউনিট এবং WFP</td><td>• সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের (ভিডব্লিউবি এনজিও) কর্মক্ষমতার ভিত্তিতে মূল্যায়ন<br>• প্রশিক্ষণ মনিটরিং</td><td>• পরিমাণগত ও গুণগত,<br>• ডকুমেন্ট রিভিউ,<br>• সাক্ষাৎকার,</td><td>প্রতি ত্রৈমাসিকে ৫% NGO</td><td>• কেন্দ্রীয় পর্যায়ের সভায় মূল ফাইন্ডিংস উপস্থাপন;</td><td></td></tr>
</table>

| স্তর/ পর্যায় | ইউনিট/কমিটি/টিম | মনিটরিং এর বিষয়/ক্ষেত্র | মনিটরিং প্রক্রিয়া | মনিটরিং এর সংখ্যা (ঘনত্ব) | মনিটরিং এর ফাইন্ডিংস ও তথ্যের ব্যবহার | পরিদর্শন টুলস (সংযুক্ত করুন) |
|---|---|---|---|---|---|---|
| | | • আয়বৃদ্ধিমূলক কার্যক্রম মনিটরিং | • পর্যবেক্ষণ | | • সব VWB মনিটরিং ফাইন্ডিংস একত্রিতকরণ;<br>• নির্বাহী সভায় আলোচনা | |
| জেলা | উপপরিচালক (জেলা), DWA | ভিডব্লিউবি এনজিও-এর কার্যক্রম ও কর্মক্ষমতা (খাদ্য বিতরণ, প্রশিক্ষণ, সঞ্চয়, ব্যবসায়িক সহায়তা, উপজেলা ও ইউনিয়নের মধ্যে সমন্বয়) | • প্রকল্প কার্যক্রম স্থল পরিদর্শন,<br>• FGD ও KII (স্টেকহোল্ডার ও উপকারভোগীদের সাথে),<br>• প্রতিবেদন ও ডকুমেন্ট পর্যালোচনা | মাসে অন্তত ১ বার পরিদর্শন (ডব্লিউএফপি'র মাঠ পর্যায়ের সাথে সমন্বয় করে যৌথ পরিদর্শন করা যেতে পারে) | • জেলা VWB কমিটির সভায় মনিটরিং ফাইন্ডিংস উপস্থাপন / আলোচনা;<br>• বাস্তবায়নকারী NGO-কে ফিডব্যাক প্রদান;<br>• MIS-এর মাধ্যমে VWB প্রোগ্রামে কার্যক্রম পর্যবেক্ষণ প্রতিবেদন জমা | |
| উপজেলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (UWAO) বা প্রোগ্রাম অফিসার | বাস্তবায়নকারী NGO-এর কার্যক্রম ও কর্মক্ষমতা (খাদ্য বিতরণ, প্রশিক্ষণ, সঞ্চয়, ব্যবসায়িক সহায়তা, উপজেলা ও ইউনিয়নের মধ্যে সমন্বয়) | • প্রকল্প কার্যক্রম স্থল পরিদর্শন,<br>• FGD ও KII (স্টেকহোল্ডার ও উপকারভোগীদের সাথে),<br>• প্রতিবেদন ও ডকুমেন্ট পর্যালোচনা | বিভিন্ন ইউনিয়নে অন্তত ৪ বার কার্যক্রম পরিদর্শন (ডব্লিউএফপি'র মাঠ পর্যায়ের সাথে সমন্বয় করে যৌথ পরিদর্শন করা যেতে পারে) | • উপজেলা VWB কমিটির সভায় মনিটরিং ফাইন্ডিংস উপস্থাপন / আলোচনা;<br>• MIS-এর মাধ্যমে VWB প্রোগ্রামে কার্যক্রম পর্যবেক্ষণ প্রতিবেদন জমা;<br>• বাস্তবায়নকারী NGO-দেরকে ফিডব্যাক প্রদান | |
| উপজেলা | বাস্তবায়নকারী NGO-এর মূল ব্যবস্থাপনা (হেড অফিস বা আঞ্চলিক অফিস থেকে) | বাস্তবায়নকারী NGO-এর কার্যক্রম ও কর্মক্ষমতা (প্রশিক্ষণ, সঞ্চয়, ব্যবসায়িক সহায়তা ইত্যাদি) | • প্রকল্প কার্যক্রম স্থল পরিদর্শন,<br>• KII (স্টেকহোল্ডার ও উপকারভোগীদের সাথে),<br>• প্রতিবেদন ও ডকুমেন্ট পর্যালোচনা | মাসে অন্তত ১ বার পরিদর্শন | • তাদের অভ্যন্তরীণ সমন্বয় সভায় মনিটরিং ফাইন্ডিংস শেয়ার;<br>• প্রকল্প বাস্তবায়নে যেকোনো সমস্যা দ্রুত সমাধানের পদক্ষেপ গ্রহণ | |

## ৭. <u>এনজিও/ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত নীতিমালা:</u>

দেশের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ভিডব্লিউবি কার্যক্রম একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। স্বাধীনতা উত্তর বাংলাদেশের গ্রামীণ পশ্চাৎপদ নারী জনগোষ্ঠির আর্থ সামাজিক অবস্থার প্রেক্ষাপটে খাদ্য সহায়তা কর্মসূচি শুরু হয়। পরবর্তীতে দরিদ্র মানুষের পরনির্ভরতার পরিবর্তে আত্মনির্ভরশীল হওয়ার লক্ষ্যে ১৯৮৫ সালে সরকারের সিফাদ এ্যাকশান প্লান এর সুপারিশক্রমে খাদ্য সহায়তাকে টেকসই উন্নয়নধারায় অন্তর্ভুক্ত করা হয়। তারই ফলশ্রুতিতে বিশ্ব খাদ্য কর্মসুচির অর্থায়নে বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থার মাধ্যমে উপকারভোগীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে দরিদ্র মহিলাদের খাদ্য সহায়তা কার্যক্রম (রিলিফ) ভিজিডি কর্মসূচি হিসেবে গ্রহণ করা হয়। প্রাথমিক অবস্থায় উপকারভোগীদের উঠান বৈঠকের মাধ্যমে সামাজিক বিভিন্ন মৌলিক সুবিধা, মা ও শিশু স্বাস্থ্য শিক্ষা, পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়। এ কার্যক্রমের ইতিবাচক ফলাফলের উপর ভিত্তি করে ভিজিডি কর্মসূচিতে সারাদেশে প্রশিক্ষণ উন্নয়ন প্যাকেজ সেবা অন্তর্ভুক্ত করা হয়। শুরু হতে জুন ২০১০ পর্যন্ত প্রশিক্ষণ উন্নয়ন প্যাকেজ সেবার অর্থায়ন বিশ্বখাদ্য কর্মসূচির কনসোর্টিয়াম ফান্ডের মাধ্যমে পরিচালিত হত। অক্টোবর ২০১০ এ বিশ্ব খাদ্য কর্মসূচি ভিজিডি কর্মসূচি বাংলাদেশ সরকারের নিকট হস্তান্তরিত হওয়ায় খাদ্য সহায়তাসহ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও'র সার্ভিস চার্জ সরকার জিওবি খাত হতে অর্থায়ন করছে।

**ভিডব্লিউবি উপকারভোগীর প্রশিক্ষণ কার্যক্রম ব্যবস্থাপনা:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উন্নয়ন প্যাকেজ সেবায় অর্থায়ন করে থাকে। মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে জেলা ও উপজেলার মাধ্যমে এই কার্যক্রম সমন্বয় ও বাস্তবায়ন করে।

**সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও নির্বাচন:** ভিডব্লিউবি কার্যক্রম সারাদেশব্যাপী পরিচালিত একটি সামাজিক সুরক্ষা কার্যক্রম। এ কার্যক্রমের উপকারভোগী মহিলাদের নিবিড় তত্বাবধানের জন্য প্রায়োজন মানসম্পন্ন এনজিও/সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। কার্যক্রমের চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক প্রশিক্ষক, দক্ষ জনবল, প্রশিক্ষণ উপকরণ ও ব্যবস্থাপনা থাকতে হবে।

**সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও নির্বাচন পদ্ধতি:**

- সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ এনজিও নির্বাচনের জন্য নিম্নে উল্লিখিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ এনজিও নির্বাচনের শর্তাবলী সম্বলিত বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে দুইটি জাতীয় পত্রিকায় প্রকাশ করতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের পর আবেদন ফরম সরাসরি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট থেকে সংগ্রহ করে প্রকল্প প্রস্তাব প্রস্তুত পূর্বক আবেদন ফরমের মূল্য পরিশোধ বাবদ নির্দিষ্ট অংকের ব্যাংক চালান সংযুক্ত করে ভিডব্লিউবি শাখায় জমা প্রদান করতে হবে।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক পিপিআর-২০২৫ অনুযায়ী কমিটি গঠন করবেন।
- প্রকল্প প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাই করে নির্বাচন উপযোগী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও এর সুপারিশ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- মন্ত্রণালয় হতে চুড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর মহিলা বিষয়ক অধিদপ্তর নির্বাচিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ এনজিও এর সাথে উন্নয়ন প্যাকেজ সেবা বাস্তবায়নের লক্ষ্যে কর্মএলাকা বন্টনপূর্বক চুক্তি স্বাক্ষর করবেন ।

### ৭.১ <u>সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ এনজিও নির্বাচন সংক্রান্ত আবেদনের শর্তাবলী:</u>

**আবশ্যকীয় শর্তাবলীঃ**

১.১ এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত হালনাগাদ সনদ থাকতে হবে।

১.২ মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সর্বশেষ নবায়নকৃত সনদ থাকতে হবে।

১.৩ যে জেলায় এনজিও'র কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে সে জেলার সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জেলা প্রশাসক এর পৃথক পৃথক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১.৪ বিগত তিন বছরের হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন থাকতে হবে।

১.৫ সংস্থার ঋণদানযোগ্য এবং কার্যক্রম (প্রশিক্ষণ) পরিচালনার তহবিল সর্বনিম্ন ২০ (বিশ) লক্ষ টাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক শাখা প্রধানের প্রত্যয়ন থাকতে হবে (কমপক্ষে ৬ মাস স্থিতির তথ্য থাকতে হবে)।

১.৬ জামানত (ফেরতযোগ্য, তবে নির্বাচিত এনজিও'র জামানত চক্র শেষে ফেরত পাবে) হিসেবে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে ১ (এক) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

১.৭ পিকেএসএফ ও বাংলাদেশ ব্যাংক এর তহবিল হতে ঋণখেলাপী নয় মর্মে হালনাগাদ সনদপত্র থাকতে হবে।

১.৮ আবেদনকৃত এনজিও'র বিরুদ্ধে সঞ্চয় আত্মসাৎ/হস্ত মুজদ সংক্রান্ত অনিয়মের অভিযোগ ও নেতিবাচক পারফরমেন্স প্রতিবেদন থাকলে নির্বাচনের অযোগ্য বলে বিবেচিত হবে।

১.৯ আবেদনের সাথে সকল সনদের স্পষ্ট ফটোকপি সংযুক্ত থাকতে হবে।

১.১০ নির্বাচিত এনজিও চুক্তি অনুযায়ী কার্যক্রম (প্রশিক্ষণ) পরিচালনার পরে সার্ভিস চার্জ প্রাপ্য হবে।

১.১১ উপরোক্ত শর্তাবলীর যে কোন একটির ব্যত্যয় হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**অন্যান্য শর্তাবলী:**

২.১ কার্যক্রম বাস্তবায়ন, মনিটরিং এবং রিপোর্টিংয়ের জন্য দক্ষ ও প্রশিক্ষিত প্রয়োজনীয় সংখ্যক জনবল থাকতে হবে। নিয়োগপত্র, জাতীয় পরিচয় পত্র ও সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

২.২ সংশ্লিষ্ট জেলায় মহিলা উন্নয়নমূলক ৩টি কার্যক্রমের বিবরণী দাখিল করতে হবে।

২.৩ সংস্থার কার্যকরী কমিটির মেয়াদ সমাজসেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/এনজিও ব্যুরো কর্তৃক হালনাগাদ থাকতে হবে।

**৭.২ উন্নয়ন প্যাকেজ সেবার জন্য সার্ভিস চার্জ:**

প্রতি উপকারভোগীর প্রশিক্ষণ বাবদ বাৎসরিক ৪২৫/- হারে সার্ভিস চার্জ প্রদান করা হবে (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক এ হার হ্রাস-বৃদ্ধি হতে পারে)। বছরে ০৪ (চার) কিস্তিতে এই সার্ভিস চার্জ প্রদেয় হবে। মাঠ পর্যায় থেকে সেবা প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিও কার্যক্রমের উপর সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি স্বাপেক্ষে কিস্তির টাকা পরিশোধ করা হবে। কোন কোয়ার্টারের পারফরমেন্স মূল্যায়ন প্রতিবেদন অসন্তোষজনক হলে পরবর্তীতে উক্ত কোয়ার্টারের সার্ভিস চার্জ প্রদানের কোন সুযোগ থাকবে না।

**৭.৩ সেবা প্রদানকারী প্রতষ্ঠিান / এনজিও'র পারফরমেন্স মূল্যায়ন:**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি কর্মসূচির উন্নয়ন প্যাকেজ (জীবন দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক) সেবা মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সেবা প্রদানকারী প্রতষ্ঠিান হিসেবে এনজিও নির্বাচন করা হয়। ভিডব্লিউবি উপকারভোগীদের কর্মক্ষম করে গড়ে তোলার জন্য নির্বাচিত এনজিও জীবন দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক ০৮ (আট)টি (মডিউলের সংখ্যা হ্রাস-বৃদ্ধি পেতে পারে) মডিউলের উপর প্রশিক্ষণ প্রদান করে। সরকারের পক্ষ থেকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা ভিডব্লিউবি কমিটির সহায়তায় সেবা প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিও'র কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। এনজিও'র পারফরমেন্স মূল্যায়ন মূলত: এনজিও কর্তৃক ভিডব্লিউবি উপকারভোগীদের প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন ও প্রতিবেদনের উপর নির্ভর করে।

**৭.৪ সেবা প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিও কর্মকান্ডের ত্রৈমাসিক প্রতিবেদন:**

এনজিও প্রতি মাসে তার কাজের অগ্রগতি মাসিক প্রতিবেদনের মাধমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট জমা দিবেন। প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। তবে এই প্রতিবেদনটি সংযুক্ত সংশ্লিষ্ট ছক অনুযায়ী প্রস্তুত করতে হবে। এনজিও প্রধান/প্রতিনিধি উপজেলা ভিডব্লিউবি কমিটির সভায় কাজের অগ্রগতি উপস্থাপন করবেন। সেখানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাও তার পর্যবেক্ষণ প্রতিবেদন উপস্থাপন করবেন। সভায় আলোচনা ও

উপস্থাপিত প্রতিবেদনের ভিত্তিতে সেবা প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিও'র ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হবে এবং এর ভিত্তিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নির্ধারিত ছক অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর সহ এনজিও'র পারফরমেন্স প্রতিবেদন মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করবেন।

**৭.৫ সেবা প্রদানকারী প্রতষ্ঠিান / এনজিও কর্মকান্ডের পর্যবেক্ষণ প্রতিবেদন:**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নিয়মিত ভিডব্লিউবি কার্যক্রম পরিদর্শন করবেন। ভিডব্লিউবি কার্যক্রমের নিয়ম অনুযায়ী প্রতি মাসে সর্বোচ্চ ৪টি ভিডব্লিউবি খাদ্য বিতরণ পরিদর্শন করবেন এবং এনজিও কর্তৃক প্রশিক্ষণের গুনগত মান দেখার ক্ষেত্রেও ৪টি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করবেন। উভয় ক্ষেত্রেই নির্দিষ্ট চেকলিষ্ট ব্যবহার করবেন। এই চেকলিষ্টের তথ্যের উপর ভিত্তি করেই উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পর্যবেক্ষণ প্রতিবেদনটি তৈরী করবেন। এই প্রতিবেদনে মোট ৪টি প্রশ্ন থাকবে। প্রশ্নগুলোর উত্তর দিতে হলে রিপোটিং সময়কালে যত চেকলিষ্ট ব্যবহার/পূরণ করা হয়েছে সেইগুলো থেকে গড় তথ্য দিয়ে প্রতিবেদন তৈরী হবে।

**প্রশ্ন ১: প্রশিক্ষণের গুনগতমান মূল্যায়ন:**

প্রশিক্ষণের গুণগতমান মূল্যায়ন করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ চেকলিষ্ট এর তথ্য ব্যবহার করতে হবে। প্রতিটি প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ চেকলিষ্ট এ স্কোর আছে। তিন মাসের প্রাপ্ত গড় স্কোরের উপর মতামত দিতে হবে। প্রশিক্ষণ চেকলিষ্ট অনুযায়ী গড় স্কোর এর ভিত্তিতে সার্ভিস চার্জ প্রদান করা হবে। যেমন: কোন এনজিও'র গড় স্কোর ৪৫% সে ক্ষেত্রে উল্লেখিত এনজিও ৪৫% সার্ভিস চার্জ প্রাপ্য হবে।

**প্রশ্ন ২: প্রশিক্ষণে অংশগ্রহণকারী উপস্থিতি**

প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ চেকলিষ্ট এ অংশগ্রহণকারীর উপস্থিতির তথ্য সংরক্ষণের জায়গা আছে। প্রশিক্ষণ চেকলিষ্ট সেকশন-ঘ এর শেষ প্রশ্নে অংশগ্রহণকারী উপস্থিতির তথ্য লিপিবদ্ধ করা হয়। এর উপর ভিত্তি করে এই প্রশ্নের তথ্য দিতে হবে। প্রশিক্ষণ পর্যবেক্ষণ চেকলিষ্ট সেকশন-ঘ অনুযায়ী যদি গড় স্কোর ১২ বা তার বেশী হয় তবে সন্তোষজনক, গড় স্কোর ৯-১১ হয় তবে মোটামুটি এবং গড় স্কোর ৯ এর কম হয় তবে সন্তোসজনক নয় হবে।

**প্রশ্ন ৩: প্রশিক্ষকের যোগ্যতা**

প্রশিক্ষণ পর্যবেক্ষণ চেকলিষ্টে বিষয়ভিত্তিক প্রশিক্ষকের জ্ঞান ও উপস্থাপন দক্ষতা সেকশন-খ তে যে স্কোর আছে তার উপর ভিত্তি করে এই প্রশ্নের তথ্য দিতে হবে। প্রশিক্ষণ চেকলিষ্ট সেকশন-খ অনুযায়ী যদি গড় স্কোর ২০ বা তার বেশী হয় তবে সন্তোষজনক, গড় স্কোর ১৫-১৯ হয় তবে মোটামুটি এবং গড় স্কোর ১৫ এর কম হয় তবে অসন্তোষজনক হবে।

**প্রশ্ন ৪: সেবা প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিওর সামগ্রিক কর্মকান্ড**

এনজিও'র সামগ্রিক কর্মকান্ডের উপর মন্তব্য প্রদান করতে হবে। সে ক্ষেত্রে যে বিষয়গুলো বিবেচনায় নিতে হবে যেমন- ষ্টাফ কোয়ালিটি, প্রশিক্ষণ, সময়মত প্রতিবেদন প্রদান, ভিডব্লিউবি মহিলাদের সঞ্চয় জমা দানে সহায়তা, ভডিব্লিউবিরি বিভিন্ন মিটিংএ উপস্থিতি, উপজেলা বা জেলা পর্যায়ে বিভিন্ন সরকারী বা আধা সরকারী অফিসের সাথে যোগাযোগ ইত্যাদি।

**৭.৮ উপজেলা ভিডব্লিউবি কমিটির সভায় মূল্যায়ন:**

প্রতি তিন মাস অন্তর উপজেলা ভিডব্লিউবি কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সবো প্রদানকারী প্রতষ্ঠিান/এনজিও তার কাজের প্রতিবেদন উপস্থাপন করবেন। সেই সভায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ এনজিওর কাজ মূল্যায়ন করা হবে। এখানে প্রত্যেক সদস্যগণ তাদের মতামত প্রদান করার সুযোগ পাবেন। সবার সামগ্রিক মতামতের ভিত্তিতে পারফরমেন্স

রেটিং দেয়া হবে। এছাড়াও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পর্যবেক্ষণ প্রতিবেদনও বিবেচনায় নেওয়া হবে। পারফরমেন্স নিয়ে আলোচনার বিষয়াদি ও মন্তব্য নির্দিষ্ট বক্সে লিখতে হবে এবং রিপোর্টিং কোয়ার্টারে সেবা প্রদানকারী প্রতষ্ঠান/ এনজিও'র পারফরমেন্স রেটিং যুক্তিসহ মন্তব্যে অবশ্যই উপস্থাপন করতে হবে। সভায় উপস্থিত সদস্যগণ বিষয় ভিত্তিক অফিসার, ইউপি চেয়ারম্যান/প্রশাসনিক কর্মকর্তা, এনজিও প্রতিনিধি প্রশিক্ষণের মানসহ সকল বিষয় নিয়ে আলোচনা করবেন। সভার আলোচনার প্রেক্ষিতে সবো প্রদানকারী প্রতষ্ঠান/এনজিও'র পারফরমেন্স রেটিং এবং পারফরমেন্স প্রতিবেদনে সভাপতি এবং সদস্য সচিব স্বাক্ষর করবেন। পরবর্তীতে এই রিপোর্ট জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের নিকট প্রেরণ করতে হবে। জেলার উপপরিচালক তার মতামত দিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

### ৭.৯ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও'র সার্ভিস চার্জ প্রদান পদ্ধতি:

চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী পালনসহ প্রতিটি এনজিও মূল্যায়ন প্রতিবেদনের রেটিং অনুযায়ী সার্ভিস চার্জ প্রাপ্য হবেন। সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও'র কার্যক্রম রেটিং এর মাধ্যমে মূল্যায়ন করা হবে। রেটিং লক্ষ্যমাত্রা ৮০% এর উর্ধ্বে অর্জিত হলে শতভাগ সার্ভিস চার্জ প্রাপ্ত হবেন, রেটিং ৬০%-৭৯% এর মধ্যে হলে আনুপাতিক হারে সার্ভিস চার্জ প্রাপ্ত হবেন। তবে যে সকল সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও সার্ভিস ডেলিভারীতে লক্ষ্যমাত্রা ৬০% অর্জনে ব্যর্থ হবে, সে সকল সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও পূর্ববর্তী কার্যক্রম সম্পাদন সাপেক্ষে সেবা বাবদ সার্ভিস চার্জ প্রাপ্য হবে। কোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও পর পর তিন বার ৬০%-৭৯% রেটিং অর্জন করলে উক্ত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও'র সার্বিক মূল্যায়ন নেতিবাচক হিসেবে বিবেচিত হবে। কোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও'র অর্জন পর পর তিন বার ৬০% এর নিচে হলে তার চুক্তি পত্র বাতিল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সার্ভিস চার্জ প্রদান পদ্ধতি: চক্রের প্রথম বছর**

| কিস্তি | মেয়াদ ও কর্মকান্ড | পরিমাণ | প্রয়োজনীয় ডকুমেন্ট |
|---|---|---|---|
| প্রথম<br><br>জুলাই-সেপ্টেম্বর | চুক্তিপত্র স্বাক্ষরের ২ (দুই) মাসের মধ্যে ২য় পক্ষ উপজেলা ভিত্তিক ০১) অফিস সেটআপ ০২) কর্মচারী নিয়োগ, ০৩) চুক্তি পত্রে সংযুক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরুসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন অনুযায়ী সার্ভিস চার্জ প্রদান যোগ্য। | ২০% | বর্ণিত কার্যক্রমের কর্মপরিকল্পনা (অফিস সেটআপ, জনবল নিয়োগ, কর্মীর নিয়োগপত্র, বাড়ীভাড়ার চুক্তিপত্র, ToT, উপকারভোগীর দল গঠন, ট্রেনিং প্লান, প্রশিক্ষণ উপকরণ) ফান্ড রিকোয়েস্ট লেটার, জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যসম্পাদন প্রত্যয়ন পত্র। পরবর্তী কোয়াটারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ সেপ্টেম্বর এর মধ্যে জমাদান নিশ্চিত করবেন। উল্লেখ্য যে, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও অবশ্যই কর্মীর বেতন ভাতাদি কর্মীর নিজস্ব একাউন্টে পরিশোধ করবেন। |
| দ্বিতীয়<br><br>অক্টোবর-ডিসেম্বর | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও নিশ্চিতকরনের উপর জুলাই মাসের মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য। | ২৫% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রাপ্ত পারফরমেন্স রিপোর্ট। ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরণী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন ছবিসহ (গুণগত ও পরিমানগত) পরবর্তী কোয়ার্টারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ ডিসেম্বর এর মধ্যে জমাদান নিশ্চিত করবেন। |
| তৃতীয় | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও | ২৫%. | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রস্তুতকৃত পারফরমেন্স রিপোর্ট। ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরণী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন |

| | | | |
|---|---|---|---|
| জানুয়ারি-মার্চ | নিশ্চিতকরণের উপর এপ্রিল এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য। | | প্রতিবেদন (গুণগত ও পরিমানগত) পরবর্তী কোয়ার্টারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ মার্চ এর মধ্যে জমাদান নিশ্চিত করবেন। |
| চতুর্থ<br><br>এপ্রিল-জুন | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোটর্, বেনিফিসিয়ারীর পরিবর্তন মূল্যায়ন, সঞ্চয় ফেরৎ দান ও সেবা প্রদানের মান যাচাই, নিশ্চিতকরণের উপর জুলাই এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য। | ৩০% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রস্তুতকৃত পারফরমেন্স রিপোর্ট। ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরণী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (গুণগত ও পরিমানগত) পরবর্তী কোয়ার্টারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ জুন মধ্যে জমাদান নিশ্চিত করবেন। |
| | পরিশোধযোগ্য সার্ভিস চার্জ পরিশোধের মোট পরিমাণ | ১০০% | |

এক বছর সমাপ্ত হওয়ার পর প্রতিটি এনজিও প্রতিবেদনের সাথে বরাদ্দকৃত র্কাড সংখ্যার নূন্যতম ৫% সফলতার গল্প এর ভিডিও/ হার্ড কপি/ সফট কপি জমা দিতে হবে।

চক্রের দ্বিতীয় বছর

| কিস্তি | মেয়াদ ও কর্মকান্ড | পরিমাণ | প্রয়োজনীয় ডকুমেন্ট |
|---|---|---|---|
| প্রথম<br><br>জুলাই-সেপ্টেম্বর | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও নিশ্চিতকরণের উপর অক্টোবর এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য | ২৫% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রাপ্ত পারফরমেন্স রিপোর্ট, ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরনী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (গুনগত ও পরিমানগত) পরবর্তী কোয়াটারের ট্রেনিং প্লান কর্ম-পরিকল্পনা জমাদান। পরবর্তী কোয়াটারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ সেপ্টেম্বর এর মধ্যে জমাদান নিশ্চিত করবেন। |
| দ্বিতীয়<br><br>অক্টোবর-ডিসেম্বর | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও নিশ্চিতকরণের উপর জানুয়ারি এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য | ২৫% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রাপ্ত পারফরমেন্স রিপোর্ট, ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরণী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (গুনগত ও পরিমানগত) পরবর্তী কোয়াটারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ ডিসেম্বর এর মধ্যে জমাদান নিশ্চিত করবেন। |
| তৃতীয়<br><br>জানুয়ারি-মার্চ | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও নিশ্চিতকরণের উপর এপ্রিল এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য | ২৫% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রাপ্ত পারফরমেন্স রিপোর্ট, ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরনী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (গুনগত ও পরিমানগত) পরবর্তী কোয়াটারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ মার্চ মধ্যে জমাদান নিশ্চিত করবেন |
| চতুর্থ<br><br>এপ্রিল-জুন | ২য় পক্ষের কার্যক্রম মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী সেবা প্রদানের মান যাচাই ও নিশ্চিতকরণের উপর | ২৫% | মাঠ পর্যায় হতে (জেলা ও উপজেলা কর্মকর্তার স্বাক্ষরে) প্রাপ্ত পারফরমেন্স রিপোর্ট, ফান্ড রিকোয়েস্ট লেটার, ত্রৈমাসিক হিসাব বিবরণী, ত্রৈমাসিক প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (গুনগত ও পরিমানগত) পরবর্তী কোয়ার্টারের ট্রেনিং প্লান ও কর্ম-পরিকল্পনা ২৫ জুন এর মধ্যে জমাদান |

| কিস্তি | মেয়াদ ও কর্মকান্ড | পরিমাণ | প্রয়োজনীয় ডকুমেন্ট |
|---|---|---|---|
| | জুলাই এর মধ্যে সার্ভিস চার্জ প্রদান যোগ্য | | নিশ্চিত করবেন। দুই বছর মেয়াদী প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন (সমাপ্তি রিপোর্ট) । |
| | পরিশোধযোগ্য সার্ভিস চার্জ পরিশোধের মোট পরিমাণ | ১০০% | |

চক্র সমাপ্ত হওয়ার পর প্রতিটি এনজিও মূল্যায়ন প্রতিবেদনের সাথে বরাদ্দকৃত র্কাড সংখ্যার নুন্যতম ১০% সফলতার গল্প এর ভিডিও/ হার্ড কপি/ সফট কপি জমা দিতে হবে।

**বি:দ্র:** কর্তৃপক্ষ সার্ভিস চার্জ প্রদান পদ্ধতি পরিবর্তন / পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

## ৮. ব্যবস্থাপনা ও বাস্তবায়নকারী সংস্থাসমূহের দায়-দায়িত্ব ও ভূমিকা:

**ভিডব্লিউবি কার্যক্রম ব্যবস্থাপনা কমিটিসমূহ:**

৮.১. কেন্দ্রীয় সমন্বয় কমিটি (সিসিসি)
৮.২. পারফরম্যান্স ম্যানেজমেন্ট কমিটি (পিএমসি)
৮.৩. এনজিও’দের উপজেলা ভিত্তিক কার্ড বিভাজন কমিটি (প্রশিক্ষণের জন্য)
৮.৪. জেলা ভিডব্লিউবি কমিটি
৮.৫. উপজেলা ভিডব্লিউবি কমিটি
৮.৬. ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি

**ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত সভা / কর্মশালা আয়োজন:**

**কেন্দ্রীয় পর্যায়ে:**

- বাৎসরিক কেন্দ্রীয় সমন্বয় কমিটি সভা (প্রয়োজনে একাধিক সভা করা যেতে পারে)।
- পারফরম্যান্স ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক ত্রৈমাসিক / ষান্মাসিক সভা (প্রয়োজনে একাধিক সভা করা যেতে পারে)।
- কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বাৎসরিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা।

**মাঠ পর্যায়ে:**

- জেলা ভিডব্লিউবি কমিটির সভা (ষান্মাসিক)।
- জেলা পর্যায়ে উপপরিচালকের সভাপতিত্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ভিডব্লিউবি এনজিও’র সমন্বয়ে ত্রৈমাসিক সভা।
- ভিডব্লিউবি এনজিও কর্তৃক আয়োজিত উপজেলা ভিডব্লিউবি কমিটির ত্রৈমাসিক সভা
- ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির মাসিক / ত্রৈমাসিক সভা
- প্রয়োজনে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে একাধিক সভা আয়োজন করা যেতে পারে।

**৮.১ কেন্দ্রীয় সমন্বয় কমিটি :**

এই কমিটি ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং সমন্বয়কের দায়িত্ব পালন করবে।

**<u>কেন্দ্রীয় সমন্বয় কমিটির রূপরেখা:</u>**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী / প্রতিমন্ত্রী / উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৫. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ০৯. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১০. | প্রতিনিধি, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা | সদস্য |
| ১১. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

(প্রয়োজনে কমিটির সদস্য কো-অপ্ট করা যেতে পারে)।

**কেন্দ্রীয় সমন্বয় কমিটির দায়িত্বাবলী :**

- ভিডব্লিউবি কার্যক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম সংক্রান্ত নীতি (পলিসি) প্রণয়ন/পর্যালোচনা ও অনুমোদন প্রদান।
- কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর ও বেসরকারী সংস্থার মধ্যে সমন্বয় নিশ্চিত করা।
- ভিডব্লিউবি কার্যক্রমের অগ্রগতি ও সাফল্য পর্যালোচনা করে তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদান।
- কার্যক্রম বাস্তবায়নের জন্য সরকারী এবং দাতা সংস্থার সাথে আলোচনার পরিপ্রেক্ষিতে বাজেট নিশ্চিত করা।
- সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন অনুরূপ কর্মসূচির সাথে ভিডব্লিউবি উপকারভোগীর দ্বৈততা পরিহার সহ সমন্বিত কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে কার্যকর সমন্বয় নিশ্চিত করা।
- ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণ।

**৮.২ পারফরম্যান্স ম্যানেজমেন্ট কমিটি:**

**<u>পারফরম্যান্স ম্যানেজমেন্ট কমিটি’র গঠন প্রকৃতি:</u>**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সভাপতি |
| ২. | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সদস্য |
| ৩. | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর | সদস্য |
| ৪. | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৫. | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ৬. | যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | যুগ্মসচিব (অর্থ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | উপসচিব (উন্নয়ন / মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | প্রতিনিধি, জাতীয় পুষ্টি কাউন্সিল | সদস্য |
| ১০. | প্রতিনিধি, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা | সদস্য |
| ১১. | সহকারী পরিচালক (ভিডব্লিউবি) | সদস্য |
| ১২. | সহকারী পরিচালক (ভিডব্লিউবি) | সদস্য |
| ১৩. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য-সচিব |

(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যেতে পারে)।

**পারফরম্যান্স ম্যানেজমেন্ট কমিটির দায়িত্বাবলী:**

- ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য ষান্মাসিক ভিত্তিতে সভা আয়োজন (প্রয়োজনে একাধিক সভা আহ্বান করা যেতে পারে)।
- মাঠ পর্যায়ে কার্যক্রম মনিটরিং এবং পরিদর্শনের প্রতিবেদন সভায় উপস্থাপন।
- কার্যক্রম বাস্তবায়ন পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন এবং মনিটরিং ও প্রতিবেদন সংক্রান্ত যথাযথ ব্যবস্থা গ্রহণ।
- কর্মশালা আয়োজনের মাধ্যমে কার্যক্রমের বার্ষিক অগ্রগতি পর্যালোচনা এবং সংশোধনমূলক পদক্ষেপ নিরূপন।
- কার্যক্রমের প্রতিবন্ধকতা ও শিক্ষণীয় দিকসমূহ পর্যালোচনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।
- কার্যক্রমের ডিজাইন ও পরিকল্পনা বাস্তবায়ন কৌশল-এর মধ্যে সমন্বয় আনয়নের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ।
- সম্পদ সচলকরণের (রিসোর্স মোবিলাইজেশন) জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ।
- বেইজ লাইন ও আউটকাম সার্ভের ফলাফল পর্যালোচনা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ভিডব্লিউবি এনজিও'র কার্যক্রম পর্যালোচনা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- নির্দিষ্ট সময় পরপর যৌথ মাঠ পরিদর্শন করা।
- উপজেলা ভিত্তিক ভিডব্লিউবি কার্ড বরাদ্দের খসড়া/ প্রাথমিক বরাদ্দ প্রস্তুত করা।
- কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে গঠিত যৌথ মনিটরিং টীমের প্রতিবেদন সভায় উপস্থাপন।
- আনুপাতিক খাদ্য নিরাপত্তাহীনতা, দরিদ্র ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব, আয়তন এবং দারিদ্রতার মানচিত্র (Poverty Map) অনুযায়ী উপজেলা পর্যায়ে ভিডব্লিউবি কার্ড বরাদ্দ প্রদান।
- সমাজসেবা অধিদপ্তর এবং খাদ্য অধিদপ্তরের আওতাধীন অনুরূপ কর্মসূচির সাথে ভিডব্লিউবি উপকারভোগীর দ্বৈততা পরিহার সহ সমন্বিত কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে কার্যকর সমন্বয় নিশ্চিত করা।
- কার্যক্রমের গুনগত মানোন্নয়নের লক্ষ্যে কার্যক্রমের উপর সার্ভে / গবেষণা মূল্যায়ন পরিচালনা করা।

**৮.৩ এনজিও'দের উপজেলা ভিত্তিক কার্ড বিভাজন কমিটি (প্রশিক্ষণের জন্য):**

| | |
|---|---|
| ১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সভাপতি |
| ২. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৩. যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. উপসচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৫. সহকারী পরিচালক (ভিডব্লিউবি'র এনজিও সংশ্লিষ্ট), মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৬. প্রতিনিধি, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা | সদস্য |
| ৭. উপপরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য-সচিব |

**কমিটির দায়িত্বাবলী:**

- মন্ত্রণালয় থেকে অনুমোদনকৃত এনজিও'দের তালিকা অনুযায়ী কার্ড বিভাজন করা। কার্ড বিভাজনের ক্ষেত্রে দারিদ্র মানচিত্র ও এলাকাভিত্তিক পুষ্টিহীনতা বিষয়ক প্রতিবেদন বিবেচনা করা যেতে পারে।
- এনজিও'দের প্রকল্প প্রস্তাবনার কর্মএলাকা বিবেচনা করে কার্ড বিভাজন করা।
- কর্মএলাকা নির্বাচনের ক্ষেত্রে নিকটবর্তী এলাকা বিবেচনা করা।
- একটি উপজেলার জন্য একটি এনজিও নির্ধারণ করা।
- বিশেষ ক্ষেত্রে এনজিও'দের যে কোন এলাকায় কর্মক্ষেত্র নির্ধারণ করা।
- কোন উপজেলা বিভাজিত না করা।
- কোন এলাকায় এনজিও নির্ধারিত কার্যক্রম না করলে তার বিষয়ে সিদ্ধান্তর গ্রহণ।
- প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

### ৮.৪ জেলা ভিডব্লিউবি কমিটি:

**জেলা ভিডব্লিউবি কমিটির গঠন প্রকৃতি:**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৩. | উপপরিচালক, সমাজসেবা | সদস্য |
| ৪. | জেলা ত্রাণ ও পূণর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | সদস্য |
| ৬. | ভিডব্লিউবি কার্যক্রমের চুক্তিবদ্ধ প্রতিটি এনজিও'র একজন করে প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য-সচিব |

**জেলা ভিডব্লিউবি কমিটির দায়িত্বাবলী :**

- মহিলা বিষয়ক অধিদপ্তর/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সার্কুলার, কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা এবং নির্দিষ্ট লক্ষ্য অনুযায়ী পরিচালনা নিশ্চিত করা,
- ভিডব্লিউবি কার্যক্রওমর অগ্রগতি পর্যালোচনা এবং প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করা,
- ভিডব্লিউবি উপকারভোগীদের জন্য বরাদ্দকৃত খাদ্য সঠিক পরিমাণ ও গুণগত মান নিশ্চিতসহ সময়মত বিতরণ করা হচ্ছে কি না তা পর্যালোচনা করা,
- আনুষাঙ্গিক ও পরিবহন ব্যয় সম্পর্কে পর্যালোচনা করা,
- বাস্তবায়ন সম্পর্কিত সমস্যাসমূহ আলোচনা করে তা সমাধানের যথাযথ উপায় বের করা,
- কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা,
- মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা করা,
- বেসরকারি সংস্থার সাথে সমন্বয় সাধন করা।

### ৮.৫ উপজেলা ভিডব্লিউবি কমিটি:

উপজেলা পর্যায়ের ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয়, সুষ্ঠু বাস্তবায়ন এবং তদারকির দায়িত্ব উপজেলা ভিডব্লিউবি কমিটি সম্পন্ন করবে।

**উপজেলা ভিডব্লিউবি কমিটির গঠন প্রকৃতি:**

| | | |
|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | ইউনিয়ন ট্যাগ অফিসার (সকল) | সদস্য |
| ১১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১২. | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের প্রতিনিধি (১ জন) | সদস্য |
| ১৩. | নির্বাহী পরিচালক (ভিডব্লিউবি কার্যক্রম সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ এনজিও) | সদস্য |
| ১৪. | ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল) | সদস্য |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা / প্রোগ্রাম অফিসার | সদস্য-সচিব |

উপজেলা নির্বাহী অফিসার কমিটির ১২ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন।

**উপজেলা ভিডব্লিউবি কমিটির দায়িত্বাবলী :**

- বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন নিশ্চিত করা এবং সরেজমিনে যাচাই করা।
- আনুপাতিক খাদ্য নিরাপত্তাহীনতা, দারিদ্র ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব, আয়তন অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি কার্ড বরাদ্দ দেয়া।
- ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের বিষয়ে সংশ্লিষ্ট ষ্টেকহোল্ডারদের সাথে সমন্বয় ও সহযোগিতা প্রদান করা।
- ভিডব্লিউবি উন্নয়ন প্যাকেজ (প্রশিক্ষণ প্যাকেজ) বিষয়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় ও সহযোগিতা প্রদান করা।
- প্রতি ইউনিয়নের খাদ্য বিতরণ ব্যবস্থা তদারকি এবং খাদ্য বন্টনের সঠিকতা যাচাই করার জন্য একজন উপজেলা কর্মকর্তাকে Transfer Assurance Guide (TAG) Officer এর দায়িত্ব প্রদান করা।
- খাদ্য বিতরণ সূচি সঠিকভাবে মেনে চলা।
- খাদ্যের গুনগত মান যাচাই করন।
- আনুষাঙ্গিক তহবিল ও পরিবহন খরচের অর্থ সময়মত ছাড়করণ।
- মাসিক / ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করা।
- দুর্যোগকালীন সময়ে ভিডব্লিউবি উপকারভোগীদের আশ্রয় / নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ের দুর্যোগ কমিটির (Disaster Committee) সাথে সমন্বয় করে কাজ করা।
- উপজেলা নির্বাহী অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটির সকল সদস্যকে গঠন ও কার্যাবলী সম্পর্কে অবগত করবেন।

প্রয়োজনে উপজেলা কমিটি নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.৬ ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি :**

ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি কার্যক্রম বাস্তবায়ন করে।

**<u>ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির গঠন প্রকৃতি :</u>**

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২. | ইউনিয়ন পরিষদের সকল সদস্য (১২ জন) | সদস্য |
| ৩. | পরিবার পরিকল্পনা দপ্তরের আওতাধীন ইউনিয়ন পর্যায়ের কর্মী (এফডব্লিউভি/ এফডব্লিউএ) | সদস্য |
| ৪. | সহকারি স্বাস্থ্য পরিদর্শক | সদস্য |
| ৫. | কৃষি দপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | সদস্য |
| ৭. | একজন মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৮. | এনজিও প্রতিনিধি (চুক্তিবদ্ধ ভিডব্লিউবি এনজিও) | সদস্য |
| ৯. | ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা | সদস্য-সচিব |

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যদি কোন কারণে অপসারিত হন বা পদত্যাগ করেন অথবা দায়িত্ব পালনে অক্ষম হন, তাহলে উপজেলা নির্বাহী অফিসার তাৎক্ষণিকভাবে ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সভাপতির দায়িত্ব পালন করার জন্য একজন বিকল্প ব্যক্তিকে (ইউনিয়ন পরিষদের সদস্য) অথবা পরিস্থিতি বিবেচনায় উপজেলা পর্যায়ের একজন সরকারী কর্মকর্তা/ ট্যাগ অফিসারকে সাময়িক মনোনয়ন প্রদান করবেন এবং অন্তবর্তীকালীন সময়ে উক্ত মনোনয়নকৃত কর্মকর্তার অনুকূলে খাদ্যের ডিও জারী করবেন।

**ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির দায়িত্বাবলী:**

- নির্ধারিত শর্ত মোতাবেক ভিডব্লিউবি উপকারভোগীদের সঠিক নির্বাচন নিশ্চিত করা,
- মানসম্মত চাল/পুষ্টি চাল সঠিক বিতরণ নিশ্চিত করা, বিশেষ করে ভিডব্লিউবি উপকারভোগীরা যাতে ৩০/৩০.৩ কিলোগ্রাম করে চাল/পুষ্টি মাসিক হিসাবে পায় তা নিশ্চিত করা,
- নির্দিষ্ট বিতরণ তারিখেই যেন খাদ্য বিতরণ করা হয় এবং সঠিকভাবে যেন সব রেকর্ড (মাস্টার রোল, মজুদ রেজিস্টার, সঞ্চয় রেজিস্টার, পরিদর্শন বহি) সংরক্ষণ করা হয় তার নিশ্চয়তা বিধান করা,

- ভিডব্লিউবি এনজিও-কে প্রশিক্ষণ পরিচালনা সহ প্রয়োজনীয় বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করা।
- ভিডব্লিউবি উপকারভোগী যেন এনজিও কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে নিয়মিতভাবে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা,
- ভিডব্লিউবি এনজিও'র সঞ্চয় ব্যবস্থাপনার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করা,
- খাদ্য পণ্যের নিরাপদ এবং সঠিক গুদামজাতকরণের নিশ্চয়তা বিধান করা,
- ইউপি কেন্দ্রে সাইনবোর্ড স্থাপন এবং উক্ত সাইনবোর্ডে কেন্দ্রের নাম, ভিডব্লিউবি উপকারভোগীর মোট সংখ্যা, খাদ্য রেশনের পরিমাণ, বিতরণ তারিখ, প্রত্যেক উপকারভোগীর বাধ্যতামূলক মাসিক সঞ্চয়ের পরিমাণ (প্রতি মহিলার জন্য মাসে ২২০/- টাকা) সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং ভিডব্লিউবি খাদ্য চক্রের মেয়াদকাল স্পষ্টভাবে লেখার নিশ্চয়তা বিধান করা,
- নোটিশ বোর্ডে ভিডব্লিউবি উপকারভোগীদের নামের তালিকা প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা,
- প্রতিমাসে খাদ্য বিতরণের পর পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে মাসিক অগ্রগতি প্রতিবেদন তৈরি করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করা।
- অডিট/যাচাইকরণের উদ্দেশ্যে পরিবহন ও আনুষঙ্গিক খরচের বিল, ভাউচার যথাযথভাবে সংরক্ষণ এবং সেগুলি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করা।

## ৯. সঞ্চয় ব্যবস্থাপনা:

ভিডব্লিউবি কার্যক্রমের তিনটি উপাদানের মধ্যে অন্যতম প্রধান উপাদান হচ্ছে সঞ্চয় ব্যবস্থাপনা। ভিডব্লিউবি চক্র চলাকালিন সময়ে একজন উপকারভোগীকে তার দৈনন্দিন অভ্যাসের পরিবর্তনসহ পর্যায়ক্রমে স্বাবলম্বী করে তোলার জন্য সঞ্চয় খুবই গুরুত্বপূর্ণ উপাদান। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় এ সঞ্চয় ব্যবস্থাপনা বাস্তবায়িত হবে। এই সঞ্চয় সকল ভিডব্লিউবি মহিলার জন্য ১০০% (শতভাগ) প্রযোজ্য হবে। সঞ্চয় কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

১) উপকারভোগীর সুবিধা অনুযায়ী স্থানীয় ব্যাংক (সরকারী/বেসরকারী/এজেন্ট ব্যাংক) শাখায় স্ব স্ব নামে বিনামূল্যে ১০ (দশ) টাকার সঞ্চয়ী হিসেব খুলবে। সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ব্যাংক হিসাব খোলার সমস্ত দায়িত্ব গ্রহণ করবে। ইউপি চেয়ারম্যান/ ইউপি সদস্য/ইউপি প্রশাসনিক কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করবে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্যাগ অফিসার কাজটি তদারকি করবে।

২) ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় হিসাব পরিচালনার ক্ষেত্রে ব্যাংকের সার্ভিস চার্জ কর্তন করা যাবে না। (ভিডব্লিউবি শাখা কর্তৃক ব্যাংক কর্তৃপক্ষকে ব্যাংক চার্জ কর্তন না করার জন্য নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে)।

৩) উপকারভোগী প্রতি মাসে ২২০/- টাকা হারে/সরকার কর্তৃক সময় সময় জারীকৃত পরিপত্র ও সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হারে পূর্ণচক্রে স্ব-স্ব হিসাব নম্বরে সঞ্চয় জমা করবেন।

৪) চক্র শেষ হওয়ার আগে উপকারভোগী সঞ্চয়ের অর্থ উত্তোলন করতে পারবেন না। উল্লেখ্য যে, একজন উপকারভোগী তার সঞ্চয়কৃত অর্থ নিজ ব্যবসা/ উদ্যোগ পরিচালনার খাতে ব্যয় করবেন। নির্বাচিত এনজিও এবং সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপকারভোগীকে উৎসাহ প্রদান সহ এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৫) মাসিক খাদ্য (চাল) গ্রহণের পূর্বে উপকারভোগীকে সঞ্চয় জমার রশিদ ইউপি চেয়ারম্যানকে প্রদর্শন করতে হবে।

৬) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এনজিও নিয়মিত মাসিক / ত্রৈমাসিক সঞ্চয়ের হিসাববিবরণী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ১০ তারিখের মধ্যে উপপরিচালকের (জেলা) কার্যালয়ে এবং উপপরিচালক (জেলা) ১৫ তারিখের মধ্যে সদর কার্যালয়ের ভিডব্লিউবি শাখায় প্রেরণ করবে।

৭) ভিডব্লিউবি চক্র শেষে উপকাভোগীদের সঞ্চয় উত্তোলন কিংবা তা ব্যবহারের লক্ষ্যে উপকারভোগী ইউপি চেয়ারম্যান / ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও এনজিওদেরকে অবহিত করবে।

৮) চক্র শেষে উপকারভোগীরা তাদের সঞ্চয় উত্তোলন করতে পারবেন।

## ১০. ঋণ:

ভিডব্লিউবি উপকারভোগীগণ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে ঋণ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে ঋণ নেয়া বাধ্যতামলূক নয়। উপকারভোগীদের দক্ষতা অনুযায়ী নির্দিষ্ট আয় বৃদ্ধিমূলক কাজ করার জন্য যারা ঋণ গ্রহণ করতে ইচ্ছুক, স্থানীয় বাজারের চাহিদা ও যথার্থতা যাচাই করে সেবা প্রদানকারী সংস্থা (ভিডব্লিউবি এনজিও) বা উপজেলা মহিলা বিষয়ক দপ্তর প্রয়োজনীয় সহযোগিতা করবে। যেহেতু আয় বৃদ্ধিমূলক কাজে বিনিয়োগের জন্য এই ঋণ প্রদান করা হবে সেহেতু উপকারভোগী নারীরা যে বিষয়ে আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণ করেছেন সে বিষয়ে বিনিয়োগের জন্য গুরুত্বারোপ করতে হবে। এজন্য তাদেরকে যথাযথ উৎসাহ প্রদান ও কাজের মনিটরিং করতে হবে। তাছাড়া, সেবা প্রদানকারী সংস্থা (ভিডব্লিউবি এনজিও) সম্ভব হলে তাদের সংস্থাভুক্ত সদস্য করে বা উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে সম্ভাব্যতা যাচাইয়ের পরিপ্রেক্ষিতে ঋণ সেবা পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা করবে।

## ১১. প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন:

“জীবন দক্ষতা উন্নয়ন (৭টি মডিউল) এবং আয়বর্ধনমূলক কার্যক্রম (১টি মডিউল)”- এই দুটি মূল উপাদানকে কেন্দ্র করে ভিডব্লিউবি কার্যক্রমে অন্তর্ভূক্ত উপকারভোগীদের জীবনমান উন্নয়ন এবং তাদের অর্থনৈতিক ক্ষমতা নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যা অংশগ্রহণকারীদের আত্মনির্ভরশীতা অর্জনে সহায়ক। উল্লেখ্য, স্থানীয় কাঁচামাল, বাজারের চাহিদা ও সামাজিক অবস্থাকে বিবেচনায় রেখে আয়বর্ধনমূলক ট্রেড নির্বাচন করতে হবে।

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র ২০১৫ এর দ্বিতীয় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) অনুযায়ী Investment Component for Vulnerable Group Development (ICVGD) প্রকল্প এর ৩টি প্রশিক্ষণ মডিউল ভিডব্লিউবি কার্যক্রমের প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত হয়েছে। মডিউল তিনটির নাম:

১. সমন্বিত মানব উন্নয়ন (Multi-Dimensional Human Development)

২. হিসাব শিক্ষা-ডিজিটাল ফাইন্যান্স সহ (Financial Literacy including Digital Finance) এবং

৩. ভেল্যু চেইন ও মার্কেট লিংকেজ (Value Chain and Market Linkage)।

**প্রশিক্ষণ বাস্তবায়ন কৌশল:**

প্রশিক্ষণ শুধু দক্ষতা অর্জনের মাধ্যম নয়—এটি সম্ভাবনার দ্বার উন্মোচনের একটি কৌশল, যা আত্মবিশ্বাস তৈরি করে এবং টেকসই জীবিকার পথ দেখায়। চরম দারিদ্র্যের মধ্যে থাকা মানুষের জন্য সুপরিকল্পিত প্রশিক্ষণ কর্মসূচি জীবন বদলে দেয়ার হাতিয়ার হতে পারে। কারণ এই প্রশিক্ষণের মাধ্যমে শুধু দক্ষতা অর্জনে সহায়তাই নয়, প্রশিক্ষণের মাধ্যমে মানুষ সমাজে টিকে থাকার পাশাপাশি ক্রমবর্ধমান অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নিতে সহায়তা পেয়ে থাকে।

**ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত কৌশল/ পদ্ধতি অনুসরণ করা হবে।**

এই প্রশিক্ষণ মূলত: দুটি ধাপে বাস্তবায়িত হবে।

**প্রথম ধাপ:** মৌলিক প্রশিক্ষণের আওতায় ৭টি মডিউলের উপর সামাজিক সচেতনতা তৈরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যা দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তন, আত্মবিশ্বাস বৃদ্ধি ও প্রাত্যহিক জীবনে তার প্রয়োগ ঘটাতে ইতিবাচক ভূমিকা পালন করবে। মৌলিক প্রশিক্ষণ চলাকালে অংশগ্রহণকারীগণ আয়বৃদ্ধিমূলক কোন্ কাজে নিজেকে নিয়োজিত করতে চান কিংবা কোন্ ট্রেডে তিনি ব্যবসা করার আগ্রহ প্রকাশ করছেন প্রশিক্ষক তার একটি তালিকা তৈরি করবেন।

**দ্বিতীয় ধাপ:** রিফ্রেশার্স প্রশিক্ষণে মূলত: প্রশিক্ষণার্থীগণ মৌলিক প্রশিক্ষণ চলাকালে যে বিষয়গুলো সম্পর্কে অবহিত হয়েছিলেন তার উপর সংক্ষিপ্ত আকারে পর্যালোচনা করবেন।

১. ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় নির্বাচিত এনজিওসমূহ উপকারভোগীদের জন্য প্রণয়নকৃত ৭টি সাধারন মডিউলের উপর প্রশিক্ষণ প্রদান করবে। প্রত্যেক উপকারভোগীকে (১০০%) ২৪ ঘন্টা ৫০মিনিটের সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক মৌলিক প্রশিক্ষণ এবং ১২ ঘন্টার রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

২. ভিডব্লিউবি এনজিও, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ, মাঠ পর্যায়ের সরকারি সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণ, বেসরকারি পর্যায়ের বিষয়ভিত্তিক অভিজ্ঞ প্রশিক্ষক এবং জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি এর কর্মকর্তাদের সমন্বয়ে 'রিসোর্স পুল' গঠনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা।

৩. বিশেষত আয়বর্ধনমূলক প্রশিক্ষণের ক্ষেত্রে ভিডব্লিউবি এনজিওসমূহকে সরকারি / বেসরকারি পর্যায়ের বিষয়ভিত্তিক অভিজ্ঞ প্রশিক্ষকদের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

উল্লেখ্য যে, প্রশিক্ষণ মডিউল ও রিসোর্স পুলের মাস্টার ট্রেইনার তৈরিতে জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি প্রয়োজনীয় কারিগরী সহযোগিতা প্রদান করে থাকে।

**<u>সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ:</u>** ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগীগণ এই কার্যক্রমের অধীনে তাদের অধিকার সম্পর্কে অবহিত হবেন। জীবন দক্ষতা প্রশিক্ষণের বিষয়গুলো প্রশিক্ষণার্থীগণ নিজেদের দৈনন্দিন জীবনে চর্চা করবেন। প্রশিক্ষণ মডিউলসমূহ হচ্ছে:

১. ভিডব্লিউবি কার্যক্রম, স্বাস্থ্য এবং খাদ্য ও পুষ্টি
২. মানব উন্নয়ন কার্যক্রম
৩. উদ্যোক্তা উন্নয়ন
৪. আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (ব্যবসা পরিকল্পনা অনুযায়ী ট্রেড-বেইজড প্রশিক্ষণ)
৫. হিসাব শিক্ষা ও ডিজিটাল আর্থিক সেবা
৬. নারীর ক্ষমতায়ন
৭. ভ্যালু চেইন ও বাজার সংযোগ
৮. দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন এবং মাদক ও নেশা জাতীয় দ্রব্যের প্রভাব।

**<u>আয়বর্ধনমূলক প্রশিক্ষণ:</u>** আয়বর্ধনমূলক প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে অতি দরিদ্র ও দরিদ্র নারীদের আয়বৃদ্ধিমূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত করে তাদের জীবন-জীবিকার মানোন্নয়ন ও আত্বনির্ভরশীল করে গড়ে তোলা। ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগীগণ উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা সহ নির্দিষ্ট আয়বৃদ্ধিমূলক কাজের উপর ধারণা পাবেন এবং নিজস্ব দক্ষতা/ স্থানীয় চাহিদার ভিত্তিতে একটি ব্যবসা পরিকল্পনা তৈরি করবেন। পরিকল্পনা অনুযায়ী ব্যবসা পরিচালনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন যেমন: কিভাবে পণ্য নির্বাচন করবে, আয় বৃদ্ধিমূলক কর্মসূচি বাস্তবায়নে কিভাবে পরিকল্পনা প্রণয়ন ও এর বাস্তবায়ন করবে ইত্যাদি। উল্লেখ্য যে, আয়বর্ধনমূলক ১টি মূল প্রশিক্ষণ মডিউলের আওতায় একাধিক ট্রেড/ব্যবসায় বিষয়ের উপর অধ্যায় থাকবে যা নিম্নরূপ:

১. আয়বর্ধনমূলক প্রশিক্ষণ মডিউলটি মূলত: মৌলিক ব্যবসা ব্যবস্থাপনা প্রশিক্ষণ যা সকল উপকারভোগীর জন্য অত্যন্ত প্রয়োজন-
   - ✓ দেশী মুরগী ও হাঁস পালন
   - ✓ বাড়ির পাশে সবজি চাষ ও
